



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com






শনিবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭৪ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২৪ আষাঢ় ১৪৩০ ॥ ১৯ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ০৮ জুলাই ২০২৩




## বিএনপিকে তো সংলাপে ডাকা হয়নি

**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'মির্জা ফখরুল সাহেবের সাম্প্রতিক বক্তব্যে মনে হচ্ছে, আমরা যেন তাদেরকে সংলাপের জন্য ডেকেছি। তাদেরকে তো সংলাপের জন্য ডাকা হয়নি।' 'তত্ত্বাবধায়ক সরকার ২-এর পাতায় দেখুন



## চার দিনের সফরে থাইল্যান্ডে গেলেন সেনাপ্রধান

**নিজস্ব প্রতিবেদক :** এশিয়া অলিম্পিক কাউন্সিলের সভায় যোগ দিতে থাইল্যান্ডে গেছেন সেনাবাহিনী প্রধান জেনারেল এস এম শফিউদ্দিন আহমেদ।
বাংলাদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের সভাপতি হিসেবে ওই সভায় অংশ নিতে শুক্রবার তিনি ঢাকা ছাড়েন বলে ২-এর পাতায় দেখুন



## নির্বাচনে ইসির দেয়া দায়িত্ব পালন করবে পুলিশ

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আব্দুল্লাহ আল মামুন বলেছেন, 'জাতীয় সংসদ নির্বাচনকালীন সময়ে বাংলাদেশ পুলিশ নির্বাচন কমিশনের অধীনে পুলিশ দায়িত্ব পালন করবে । কমিশন যে রকম আদেশ দেবে ২-এর পাতায় দেখুন



## অক্টোবরে প্রধানমন্ত্রী মেট্রোরেলের আগারগাঁও-মতিঝিল অংশ উদ্বোধন করবেন

**নিজস্ব প্রতিবেদক :** আগামী অক্টোবর মাসের শেষ প্রান্তে মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল অংশ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
গতকাল বিকেলে মেট্রোরেলের আগারগাঁও থেকে মতিঝিল অংশে পরীক্ষামূলক ট্রেন চলাচল উপলক্ষে আগারগাঁও স্টেশনে এক ব্রিফিংয়ে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এ তথ্য জানান।
সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, অক্টোবরে শেষ প্রান্তে উদ্বোধনের পর প্রথমদিকে ফার্মগেট, সচিবালয় ও মতিঝিল স্টেশনে মেট্রো ট্রেন ২-এর পাতায় দেখুন

## পদ্মা সেতু হয়ে রেল ভারত পর্যন্ত যাবে : চীফ হুইপ

**নিজস্ব প্রতিবেদক :** জাতীয় সংসদের চীফ হুইপ নূর-ই-আলম চৌধুরী বলেন, পদ্মা সেতু রেল সংযোগ একদিন মংলা বন্দর, পায়রা বন্দর এমনকি ভারতের সাথেও সংযুক্ত হবে। ভারতের সাথে সংযোগ হওয়ার কারণে আপনারা নিজের ঘরের সামনে থেকে রেলে চড়ে ভারতসহ বিভিন্ন জায়গায় যেতে পারবেন। চিকিৎসা, লেখাপড়ার জন্য আরো সুযোগ আমাদের দেশের মানুষ পাবেন। সেই আলোকে প্রধানমন্ত্রী ব্যাপক উন্নতি করছেন।
শুক্রবার সকালে মাদারীপুরের শিবচরের দত্তপাড়ার বাচামারা নদীর উপর হাতিরঝিলের আদলে নির্মিত দাদাভাই সেতু উদ্বোধন শেষে স্থানীয় গণ্যমান্য ও রাজনৈতিক ব্যক্তিবর্গের ২-এর পাতায় দেখুন


দৈনিক এই আমার দেশ ০৮ জুলাই ২০২৩


# প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনার পর সিদ্ধান্ত বদলালেন তামিম



**নিজস্ব প্রতিবেদক :** আপাতত এক-দেড় মাসের বিরতি নিয়ে এশিয়া কাপ থেকে ফিরবেন অভিজ্ঞ এই ব্যাটসম্যান।
প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে লম্বা সময় আলোচনার পর অবসরের ঘোষণা প্রত্যাহার করে নিলেন তামিম ইকবাল। প্রধানমন্ত্রী তাকে খেলায় ফেরার 'নির্দেশ' দিয়েছেন বলেও জানান অভিজ্ঞ এই ব্যাটসম্যান। আপাতত এক-দেড় মাসের বিরতি নিয়ে এশিয়া কাপ থেকে আবার মাঠে ফিরবেন তিনি।
গতকাল শুক্রবার দুপুরে সাবেক অধিনায়ক মাশরাফি বিন মুর্তজার মাধ্যমে তামিমকে গণভবনে ডেকে নেন প্রধানমন্ত্রী। সঙ্গে ছিলেন তামিমের স্ত্রী। পরে সেখানে ডেকে নেওয়া হয় বিসিবি সভাপতি নাজমুল হাসানকে।
সন্ধ্যা ৬টার দিকে সেখান থেকে বেরিয়ে সংবাদমাধ্যমকে তামিম জানিয়ে দেন সিদ্ধান্ত বদলের কথা।
"আজকে দুপুর বেলায় মাননীয় প্রধানমন্ত্রী আমাকে উনার বাসায় আমন্ত্রণ জানিয়েছেন। অনেকক্ষণ আমরা আলোচনা করেছি। উনি আমাকে নির্দেশ দিয়েছেন খেলায় ফিরে আসতে। আমি আমার অবসর এই মুহূর্তে উঠিয়ে নিচ্ছি। কারণ, আমি সবাইকে 'না' বলতে পারি, কিন্তু দেশের যে সবচেয়ে বড় ব্যক্তি, তাকে 'না' বলা আমার পক্ষে অসম্ভব।"
"তাতে পাপন ভাই, মাশরাফি ভাই ছিলেন বিগ বিগ ফ্যাক্টর। মাশরাফি ভাই আমাকে ডেকে এনেছেন, পাপন ভাই সঙ্গে ছিলেন। প্রধানমন্ত্রী আমাকে এক-দেড় মাসের একটা ছুটিও দিয়েছেন। আমার যা চিকিৎসা আছে বা অন্য কোনো কিছু, মানসিকভাবে যদি আমি ফ্রি হতে পারি... তার পর যা করা দরকার ও তারপরে যে খেলাগুলো আছে, আমি ইনশাল্লাহ খেলব।"
এশিয়া কাপে অধিনায়ক হিসেবে ফিরবেন নাকি খেলোয়াড় হিসেবে, সেই সিদ্ধান্ত এখনও নেননি তামিম। তিনি জানালেন, বিরতি থেকে ফেরার পর এই সিদ্ধান্ত নেবেন তিনি।
প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনার পর সিদ্ধান্ত বদলালেন তামিম
বৃহস্পতিবার চট্টগ্রামের একটি হোটেলে নাটকীয়ভাবে অবসরের ঘোষণার পর তামিমের সঙ্গে যোগাযোগ করতে পারছিলেন না বিসিবি কর্তারা। বিসিবি পরিচালকদের সঙ্গে সভার পর মাঝরাতে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে বিসিবি সভাপতি জানান, কোনোভাবেই তারা তামিমের কাছ থেকে কোনো সাড়া পাচ্ছেন না।
বোর্ড প্রধানের ২-এর পাতায় দেখুন

## সরকারি প্রকৌশলী নিয়োগ দিতে বলে এখন বাতিল চাইছে এলজিইডি

**নিজস্ব প্রতিবেদক :** ৪০তম বিসিএসে নন-ক্যাডার থেকে প্রথম শ্রেণির (গ্রেড-৯) সহকারী প্রকৌশলীর শূন্য পদে ১৫৬ জনের নিয়োগ দিতে বলে এখন আবার জ্যেষ্ঠতার দোহায় দিয়ে বাতিল চাচ্ছে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি)। চূড়ান্ত নিয়োগের সুপারিশের আগমুহূর্তে নিয়োগ বাতিলের আবেদনে বিপাকে পড়েছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। কেননা ৪০তম বিসিএসের নন-ক্যাডারের যে তালিকা প্রকাশ করেছে, তাতে এসব পদও নির্বাচন করার সুযোগ রাখা হয়েছে। অনেক প্রার্থী এলজিইডির সহকারী প্রকৌশলীকে পছন্দক্রমে রেখে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করেছেন। আবেদনের সময় শেষ হয়ে গেছে। এই সময় এসে এসব পদ বাতিলের আবেদনকে প্রহসন বলছেন নন-ক্যাডারের নিয়োগের অপেক্ষায় থাকা পরীক্ষার্থীরা।




তারা বলছেন, জ্যেষ্ঠতার যুক্তিতে রিকুইজিশন বাতিল করাটা অমানবিক ২-এর পাতায় দেখুন

## জীবন শঙ্কায় নুর

**নিজস্ব প্রতিবেদক :** নিজের জীবনের নিরাপত্তার শঙ্কা প্রকাশ করেছেন গণঅধিকার পরিষদের সদস্য সচিব ও ডাকসু সহসভাপতি (ভিপি) নুরুল হক নুর। শুক্রবার (৭ জুলাই) সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে এক স্ট্যাটাস তিনি একথা লিখেছেন।
নুরুল হক ফেসবুকে লেখেন, 'চর্তুমুখী অব্যাহত ষড়যন্ত্রে জীবন নিয়ে শঙ্কায় আছি। আপনাদেরকে জানিয়ে রাখলাম।'
এর আগে বুধবার (৫ জুলাই) সকালে নিজের ফেসবুক ভিডিও বার্তায় নুর বলেন, দল ও দেশের স্বার্থ পরিপন্থি কাজ করায় রেজা কিবরিয়াকে অপসারণ করা হয়েছে। রেজা কিবরিয়াকে সাবেক আহ্বায়ক উল্লেখ করে নুর বলেন, রেজা কিবরিয়া আজকে যেসব অভিযোগ করছেন আমাকে নিয়ে, দলকে নিয়ে তিনি ২-এর পাতায় দেখুন

### ঝিনাইদহ স্বেচ্ছাসেবক লীগের সম্মেলনে রাসেল সভাপতি রানা হামিদ সেক্রেটারি

## স্বাধীনতা বিরোধী অপশক্তি এখনও দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করে চলেছে : আ ফ ম বাহাউদ্দিন নাছিম

## দেশকে ভালো রাখতে হলে শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় আনতে হবে : আব্দুল হাই এমপি





**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের যুগ্ম সাধারন সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম বলেছেন, স্বাধীনতা বিরোধী ও সাম্প্রদায়িক অপশক্তি এখনও দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র করে চলেছে। তাদের বিরুদ্ধে ঐক্য গড়ে তুলতে হবে। তিনি বিএনপি জামায়াতের উদ্দেশ্যে বলেন, তারা প্রতিটি মুহুর্তে বিদেশীদের কাছে ধর্ণা দিচ্ছে। দেশের বিরুদ্ধে মিথ্যাচার করছে। তাদের লক্ষ্য সাম্প্রদায়িকতা সৃষ্টি করে দেশে দাঙ্গা হাঙ্গামা সষ্টি করে রাজনৈতিক ফায়দা হাসিল করা। তাদের লক্ষ্য ক্ষমতায় গিয়ে প্রগতিশীল ও দলিত মেহনতি মানুষের উন্নয়নের রাজনীতি ধব্ংস করা। দেশকে পাকিস্থানীদের তাবেদার বানানোর। শুক্রবার বিকালে ঝিনাইদহ ওয়াজির আলি হাইস্কুল মাঠে আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ত্রি বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।
তিনি আরও বলেন, এ বাংলাদেশ হিন্দু মুসলমান সকলের। মাদক, দুর্নীতি ও মাদক মুক্ত দেশ গড়তে জননেত্রী শেখ হাসিনার হাতকে আরো শক্তিশালী করতে হবে।
অনুষ্ঠানের বিশেষ অতিথি আব্দুল হাই এমপি বলেন, বাংলাদেশকে ভালো রাখতে হলে শেখ হাসিনাকে আবারো প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত করতে হবে। শেখ হাসিনা ক্ষমতায় না থাকলে আপনারা, আমরাও কেউই ভালো থাকবে না। দেশকে ধংসের দিকে ঠেলে দিবে স্বাধীনতা বিরোধীরা। তাই আগামী ডিসেম্বরে জাতীয় সংসদ নির্বাচনে আমাদের সকলকে ঐক্যবদ্ধ হয়ে আওয়ামী লীগকে জয়ী করতে হবে।
ঝিনাইদহ জেলা স্বেচ্ছাবেক লীগের সভাপতি আহাদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনের উদ্বোধন করেন স্বেচ্ছাসেবক লীগের ভারপ্রাপ্ত সভাপতি গাজী মেজবাউল হোসেন ২-এর পাতায় দেখুন

## শেখ হাসিনার নেতৃত্বে আমরা ভালো আছি নিরাপদে আছি : জনপ্রশাসন প্রতিমন্ত্রী



**মেহেরপুর প্রতিনিধি :** জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, জাতীর জনকের কন্যা শেখ হাসিনার নেতৃত্বে আমরা এখন ভাল আছি, নিরাপদে আছি। প্রতি মূহূর্তে আমরা উন্নয়নের দিকে যাচ্ছি। বাংলাদেশ আওয়ামী লীগ সৃষ্টির মধ্য দিয়ে বঙ্গবন্ধু মানুষের কল্যাণে কাজ করেছেন। সর্বশেষ তিনি জাতীর শ্রেষ্ঠ অর্জন আমাদের স্বাধীনতা উপহার দিয়েছেন। আমরা স্বাধীন সার্বভোম বাংলাদেশে বাস করছি। বৃহস্পতিবার বিকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর বাসভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের ২১তম প্রতিষ্ঠা বার্ষিকীর আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। আওয়ামী যুব মহিলা লীগের উদ্দেশ্যে তিনি আরও বলেন, সারা বাংলাদেশে যুব ২-এর পাতায় দেখুন

## পদায়ন শৈলকুপার উমেদপুর উপ-স্বাস্থ্য কেন্দ্রে, কিন্তু যান না কোন দিন



**নিজস্ব প্রতিবেদক :** প্রত্যন্ত গ্রামের মানুষের স্বাস্থ্য সেবার কথা চিন্তা করে ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে পদায়ন দিয়েছে স্বাস্থ্য বিভাগ। গ্রামের মানুষ যেন ভোগান্তি ছাড়ায় স্বাস্থ্য সেবা গ্রহণ করতে পারে এজন্য সরকারের এই উদ্যোগ। কিন্তু ঝিনাইদহের এক চিকিৎসক পদায়নকৃত কর্মস্থলে যান না কোনদিন। এতে ব্যাহত হচ্ছে সরকারের মহৎ উদ্দেশ্যে। সরকারের নিয়মনীতিকে বৃদ্ধাঙ্গুলী দেখানো চিকিৎসক মাহাবুবুল আলম পারভেজ বসেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে। জানা যায়, ডাঃ মাহবুবুল আলমকে শৈলকুপার উমেদপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে পদায়ন হয় কয়েকমাস আগে। কিন্তু সেখানে তিনি কোনদিন যান নি। গ্রামের মানুষের সেবা দেওয়া তো দুরের কথা পরিদর্শনেও যান না তিনি। খোঁজ নিয়ে ২-এর পাতায় দেখুন

## যশোরে বাসচাপায় ইজিবাইকের চালকসহ নিহত ৭

**যশোর প্রতিনিধি :** যশোর-মাগুরা মহাসড়কে দুর্ঘটনায় একই পরিবারের পাঁচজনসহ মোট সাতজন নিহত হয়েছেন। শুক্রবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে সদর উপজেলার লেবুতলা নামক স্থানে বাস ও ইজিবাইকের মুখোমুখি সংঘর্ষে




ঘটনাস্থলেই ইজিবাইকে থাকা ছয় আরোহী নিহত হন। পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা নিহতদের মরদেহ উদ্ধার যশোর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছেন। তাৎক্ষণিকভাবে নিহতদের নাম-পরিচয় জানা যায়নি। তবে তারা একই পরিবারের বলে জানা গেছে।
যশোর কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজুল ইসলাম এ তথ্য নিশ্চিত করে বলেন, লেবুতলায় সড়ক দুর্ঘটনায় ছয়জন নিহতের খবর নিশ্চিত হতে পেরেছি। ঘটনাস্থলে এবং হাসপাতালে পুলিশের একাধিক টিম পাঠানো হয়েছে। বিস্তারিত পরে জানানো হবে।

## খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ পুলিশ সুপার হলেন সাতক্ষীরার কাজী মনিরুজ্জামান

**সোহাগ হোসেন, সাতক্ষীরা :** খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ পুলিশ সুপার নির্বাচিত হলেন সাতক্ষীরার পুলিশ সুপার কাজী মনিরুজ্জামান। বৃহস্পতিবার দিনব্যাপী রেঞ্জ অফিসের ক্রাইম কনফারেন্স সভায় খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ পুলিশ হিসেবে পদক দেয়া হয় পুলিশ সুপার কাজী মনিরুজ্জানকে। খুলনা রেঞ্জের ডিআইজি মঈনুল হক বিপিএম (বার) এর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।



হিসাবে মনোনীত করা

খুলনা রেঞ্জে অফিস সূত্রে জানা যায়, মাদক উদ্ধার, মামলার রহস্য উদঘাটন, ওয়ারেন্ট তামিল, শিল্প এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষাসহ সাতক্ষীরা জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক হওয়ায় সর্বসম্মতিক্রমে সাতক্ষীরা জেলার পুলিশ সুপার কাজী মনিরুজ্জামানকে খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ পুলিশ সুপার ২-এর পাতায় দেখুন

# বাংলাদেশের বিষয়ে 'নির্লজ্জ মার্কিন হস্তক্ষেপ' দেখছে রাশিয়া

**আন্তর্জাতিক ডেস্ক :** বাংলাদেশের নির্বাচন নিয়ে পশ্চিমাদের নানা বক্তব্য ও পদক্ষেপের মধ্যে প্রতিক্রিয়া জানিয়েছে রাশিয়া। দেশটি বলছে, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন দাবি করে ইউরোপীয় ও আমেরিকান রাজনীতিবিদরা যে চিঠি দিয়েছেন, সেটি 'অভ্যন্তরীণ বিষয়ে নির্লজ্জ হস্তক্ষেপ'।
বৃহস্পতিবার এক টুইটে রুশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মারিয়া জাখারোভা বলেন, "কিছু ইউরোপীয় ও আমেরিকান রাজনীতিবিদরা বাংলাদেশে 'অবাধ ও নিরপেক্ষ' নির্বাচনের আহ্বান জানিয়েছে চিঠি প্রকাশ করেছেন বলে আমরা জেনেছি। "এটা নব্য-উপনিবেশবাদ এবং সার্বভৌম দেশের অভ্যন্তরীণ বিষয়ে নির্লজ্জ হস্তক্ষেপের আরও একটি অপচেষ্টা।"
বাংলাদেশে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে হস্তক্ষেপ চেয়ে প্রেসিডেন্ট জো বাইডেনকে সম্প্রতি চিঠি লেখেন



যুক্তরাষ্ট্র কংগ্রেসের ছয় সদস্য।
এরপর ইউরোপীয় পার্লামেন্টের ছয় সদস্যও বাংলাদেশে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন চেয়ে ইইউর উচ্চ পর্যায়ের প্রতিনিধি জোসেফ বোরেলকে চিঠি দেন।
গত বছরের ডিসেম্বরেও একবার যুক্তরাষ্ট্রের পদক্ষেপ নিয়ে বাংলাদেশের 'পক্ষে' প্রতিক্রিয়া জানিয়েছিল রাশিয়া।
ঘটনার সূত্রপাত ২০২২ সালের ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবসে। সেদিন ঢাকায় যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস ৯ বছর আগে নিখোঁজ বিএনপি এক নেতার বাসায় যান।
ওই সফরের সময় সেখানে পিটার হাসের কাছে স্মারকলিপি দিতে যান জিয়াউর রহমানের আমলে সশস্ত্র বাহিনীতে হত্যা ও নিখোঁজের শিকার পরিবারের সদস্যদের সংগঠন 'মায়ের কান্না'-এর সদস্যরা।
এতে পিটার হাস সেখানে তার অবস্থান সংক্ষিপ্ত করেন এবং পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা ২-এর পাতায় দেখুন



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

শনিবার ০৮ জুলাই ২০২৩

## শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিনামূল্যে সপ্তাহে ২ দিন চলছে গর্ভবতী মায়েদের সিজার অপারেশন

**‘বিনামূল্যে চিকিৎসা পেয়ে খুশি সাধারণ মানুষ’**
**‘প্রতিমাসে গড়ে ৪০ টা গর্ভবতী মায়েদের সিজার’**



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। সাধারণত প্রতিসপ্তাহের রবিবার ও বুধবার গর্ভবতী মায়েদের সিজার অপারেশন এবং মাঝে মধ্যে অতি জরুরি প্রয়োজনে এপেনডিক্স এর অপারেশন সম্পন্ন হয়। এছাড়া ছোট ছোট বিভিন্ন ধরণের অপারেশন, ড্রেসিং সম্পন্ন হয়। উল্লেখ্য, হাসপাতালে কোনো গাইনি বিশেষজ্ঞ চিকিৎসক নেই,এবং রোগীকে অজ্ঞান করার জন্য অজ্ঞান বিশেষজ্ঞ চিকিৎসক ও নেই।
একটা অপারেশন সম্পন্ন করতে কমপক্ষে ২জন বিশেষজ্ঞ চিকিৎসক থাকা আবশ্যক, প্রথমত যিনি অপারেশন করবেন বা সার্জন এবং দ্বিতীয়ত, একজন অজ্ঞান বিশেষজ্ঞ চিকিৎসক। ডা. মো. রাশেদ আল মামুন দায়িত্ব ভার গ্রহণের পর তার একান্ত প্রচেষ্টায় হাসপাতালে সপ্তাহে দুইদিন সম্পূর্ণ বিনামূল্যে সিজার ও অন্যান্য অপারেশন করা হচ্ছে। এক্ষেত্রে, প্রতি সপ্তাহে দুইদিন ঝিনাইদহ সদর হাসপাতাল থেকে একজন অজ্ঞান করায় অভিজ্ঞ চিকিৎসক কে শৈলকুপা হাসপাতালে আনা হয়। এটা সম্ভব হয়েছে শুধুমাত্র ডা: রাশেদ আল মামুনের আন্তরিক ইচ্ছেশক্তির বলে। সার্জন হিসাবে এখানে কোনো বিশেষজ্ঞ সার্জন নেই। কোনো বিষয়ে বিশেষজ্ঞ হতে গেলে FCPS বা MD-MS বা ডিপ্লোমা ডিগ্রি কমপ্লিট হওয়ার প্রয়োজন রয়েছে। কোনো কোর্সে ভর্তি হলেই তাকে বিশেষজ্ঞ চিকিৎসক বলা যায়না,এবং ডিগ্রি কমপ্লিট না করে, শুধুমাত্র কোর্সে ভর্তি হয়েই সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ হিসাবে নিজেকে প্রচার করা বা দাবী করা BMDC আইনে গুরুতর দন্ডনীয় অপরাধ। সেই হিসাবে আমাদের হাসপাতালে কোনো বিশেষজ্ঞ ২-এর পাতায় দেখুন

## বিআরটিসির ধাক্কায় মোটরসাইকেল আরোহী গৃহবধুর মৃত্যু, স্বামী গুরুতর আহত

**নিজস্ব প্রতিবেদক :** খুলনায় সড়ক দুর্ঘটনায় গৃহবধুর মৃত্যু হয়েছে। এ ঘটনায় নিহতের স্বামী গুরুতর আহত হয়েছেন। শুক্রবার বিকেল সাড়ে ৪টার দিকে নগরীর লবণচরা থানাধীন বিশ্বরোড এলাকায় এ দুর্ঘটনাটি ঘটে। নিহত গৃহবধুর নাম হল সোনিয়া আক্তার। তিনি জি গ্যাস কোম্পানী কর্মকর্তা আ: আলীমের স্ত্রী। তারা দাকোপ উপজেলায় ভাড়াটিয়া হিসেবে বসবাস করেন।
লবণচরা থানার এস আই মো: সাইদুর বলেন, আলীম দম্পতি রাজবাড়ি এলাকার বাসিন্দা। কাজের সুবাদে তারা উভয় দাকোপ উপজেলায় ভাড়াটিয়া হিসেবে বসবাস করেন। সপ্তাহিক ছুটির দিন শুক্রবার হওয়ায় তারা ঘুরতে বের হন। বিকেল সাড়ে ৪টার দিকে মোটরসাইকেলযোগে জিরোপয়েন্টের পৌছায় ওই দম্পতি। পেছন থেকে বিআরটির একটি বাস মোটরসাইকেলটিকে ধাক্কাদেয়। মোটরসাইকেল থেকে সোনিয়া রাস্তার ওপর পড়ে গেলে বাসটি মাথার ওপর দিয়ে চলে যায়। ঘটনাস্থলে তার মৃত্যু হয়। এ ঘটনায় গৃহবধুর স্বামী গুরুতর আহত হন। তাকে উদ্ধার করে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। তার অবস্থাও গুরুতর। নিহতের লাশ উদ্ধার করে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে প্রেরণ করা হয়েছে।

## কালীগঞ্জ প্রেসক্লাবের সদস্যদের ঈদ পরবর্তী শুভেচ্ছা বিনিময় ও দোয়া মাহফিল অনুষ্ঠিত



**কালীগঞ্জ প্রতিনিধি :** ঈদ পরবর্তী শুভেচ্ছা বিনিময় ও কালীগঞ্জ প্রেসক্লাবের নবগঠিত কমিটি সদস্যদের নিয়ে এক দোয়া মাগফিল করা হয়েছে। শুক্রবার জুম্মাবাদ প্রেসক্লাবের আয়োজনে ওই অনুষ্টানে অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ আনোয়ারুল আজিম আনার, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী ও সাবেক জেলা পরিষদ সদস্য ও উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক জাহাঙ্গীর হোসেন সোহেল। এ সময়ে প্রেসক্লাব প্রাঙ্গন যেন এক মিলন মেলায় ২-এর পাতায় দেখুন

## মাগুরায় তিলের বাম্পার ফলন, খুশি কৃষক

**নিজস্ব প্রতিবেদক :** জেলায় এ বছর তেলজাতীয় ফসল তিলের ভালো ফলন হয়েছে। উচ্চ ফলনশীল বীজ এবং আবহাওয়া ভালো থাকার কারণে চলতি মৌসুমে তিলের ভালো ফলন হয়েছে বলে স্থানীয় কৃষি অফিস সূত্রে জানা গেছে। তিলের ভালো দাম পেয়ে কৃষকরাও বেশ খুশি।
মাগুরা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, জেলার চার উপজেলায় মোট তিলের চাষ হয়েছে ২ হাজার ৭৫৫ হেক্টর জমিতে। এর মধ্যে মাগুরা সদর উপজেলায় ১ হাজার ৮৫০ হেক্টর, শ্রীপুরে ৪৫৫ হেক্টর, শালিখায় ২৮৫ হেক্টর এবং মহম্মদপুর উপজেলায় ১৬৫ হেক্টর জমিতে উচ্চ ফলনশীল জাতের তিলের চাষ হয়েছে। চাষকৃত মোট জমি থেকে প্রায় ৩ হাজার ৪৯৮ মেট্রিক টন তিল উৎপাদিত হবে বলে আশা করছে কৃষি বিভাগ। চলতি মৌসুমে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত বিনা-১,২ এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত বারি-১,২,৩,৪ ও স্থানীয় উন্নত আটশিরা জাতের তিল চাষ করেছেন জেলার কৃষকরা।
সদর উপজেলার বাটিকাডাঙ্গা গ্রামের ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গার জাহাপুরে বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ গেল যুবকের

**আলমডাঙ্গা অফিস:** আলমডাঙ্গা উপজেলার জাহাপুর গ্রামে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে শামিম হোসেন (৩৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। শুক্রবার দুপুর আড়াইটার দিকে এঘটনা ঘটে।
নিহত শামিম হোসেন আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়নের জাহাপুর গ্রামের মুন্সিপাড়ার সোনা মিয়ার ছেলে।
পারিবারের সদস্যরা জানান, শামিম হোসেনের বাড়িতে বৈদ্যুতিক কাজ চলছিল। জুম্মার নামাজ শেষে শামিম ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে নির্মানাধীন শেখ রাসেল মিনি স্টেডিয়াম পরিদর্শন

**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরে নির্মানাধীন শেখ রাসেল মিনি স্টেডিয়াম পরিদর্শন করেছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো : নজরুল ইসলাম। শুক্রবার সকাল সাড়ে ১১টার দিকে মুজিবনগর স্মৃতিসৌধে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন শেষে সদর উপজেলার আমঝুপি খেলার মাঠে নির্মাণাধীন শেখ রাসেল মিনি স্টেডিয়াম পরিদর্শন করেছেন তিনি। এসময় নির্মাণাধীন মিনি স্টেডিয়ামের চলমান ২-এর পাতায় দেখুন

## পরিবারের সদস্যদের বিরুদ্ধে স্বামীকে মারপিটের অভিযোগ মেয়ের

নিজস্ব প্রতিবেদক : সাতক্ষীরায় মাদকাসক্ত স্বামীকে তালাক দিয়ে অন্য ছেলেকে বিয়ে করায় এক নারীর পিতা-মাতাসহ পরিবারের সদস্যরা তার বর্তমান স্বামী ও তার পরিবারের সদস্যদের মারপিট ও মিথ্যে মামলায় ফাঁসিয়ে হয়রানিসহ খুন জখমের হুমকি ধামকি দিচ্ছে বলে অভিযোগ উঠেছে। শুক্রবার (৭ জুলাই) সাতক্ষীরা সাংবাদিক কেন্দ্রে সংবাদ সম্মেলনে তালা উপজেলার তেরছি (কাটিপাড়া) গ্রামের সন্তোষ কুমার দাসের মেয়ে পপি রাণী দাস এই অভিযোগ করেন।
সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে পপি রাণী দাস বলেন, ২০১৭ সালে পারিবারিকভাবে যশোর জেলার মহিতোষ ২-এর পাতায় দেখুন

## মুজিবনগরে দোকান ভাংচুর ও গাছ লুটের ঘটনায় সংবাদ সম্মেলন



**মেহেরপুর প্রতিনিধি:** জোরপূর্বক জমি দখল করার নিমিত্তে নব নির্মিত দোকান পাট ভাংচুর চালিয়েছেন মুজিবনগর উপজেলার বল্লভপুরের মৃত রেজাউল হকের ছেলে সজিবুল হক। রেজাউল হক ও তার অনুগত ৮/১০ জন সশস্ত্র অবস্থায় হামলা চালিয়ে দোকান ভাংচুর করেছে মর্মে মেহেরপুর আদালতে একটি মামলা করেছেন প্রকৃত জমি ও দোকানের মালিক আনোয়ার হোসেন। শুক্রবার বল্লভপুরে তার দোকানের সামনে এক সংবাদ সম্মেলনে আনোয়ার হোসেন জমি দখল ও ভাংচুর ও মামলার বিষয়ে বিস্তারিত তুলে ধরে বক্তব্য রাখেন।
লিখিত বক্তব্যে আনোয়ার হোসেন জানান, তিনি মুজিবনগর উপজেলার বল্লভপুর গ্রামের ইমান আলী ও তার ওয়ারিশগনের কাছ থেকে বল্লভপুর মৌজার গত ১৫/০৮/২০০৬ইং তারিখ ৬৪৫৩ নং দলিল মূলে এবং ২৯/০৭/২০১৯ ইং তারিখে ২০৫০নং এবং ১৭/০৭/২০২০ইং তারিখের ৭২৬১নং দলিল মূলে ক্রয় করিয়া শান্তিপূর্ণ ভাবে ভোগদখল করছেন। জমিতে ইটের পাকা প্রাচীর বেষ্টনী সেই সাথে সেগুন, মেহগনিসহ বিভিন্ন মূল্যবান গাছ ছিল। এদিকে সুচতুর সজিবুল হক ওই জমি তার নিজের দাবী করে গত ২১-১২-২২ ইং তারিখে ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গায় মাদক ব্যবসায়ী কামালের মিথ্যে সংবাদ সম্মেলনের বিরুদ্ধে চেয়ারম্যান মকলেছুর রহমানের পাল্টা সংবাদ সম্মেলন



**আলমডাঙ্গা অফিস:** আলমডাঙ্গা জেহালা ইউনিয়ন মাদক ব্যবসায়ী কামাল হোসেনের মিথ্যা ও বানোয়াট তথ্য দিয়ে সংবাদ সম্মেলনের বিরুদ্ধে পাল্টা সংবাদ সম্মেলন করেন মকলেছুর রহমান সিলন।
শুক্রবার বেলা সাড়ে ১২ টায় আলমডাঙ্গা উপজেলা প্রেসক্লাবের অস্থায়ী কার্যালয়ে জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মকলেছুর রহমান সিলন এ সংবাদ সম্মেলনের আয়োজন করেন।
সংবাদ সম্মেলনে তিনি লিখিত বক্তব্যে বলেন, আমি মকলেছুর রহমান সিলন জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। গত আড়াই মাস যাবৎ জেহালা ইউনিয়ন জুড়ে মাদকের বিরুদ্ধে অবস্থান নেয় পুলিশ। পুলিশের অভিযানে ২-এর পাতায় দেখুন

## হরিণাকুন্ডুর মিঠুন মিষ্টি ও দধি ভান্ডারে নোংরা পরিবেশে ও মরা মাছি পড়ে থাকায় জরিমানা



**মোঃ আবু সাইদ,হরিণাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুর মিঠুন মিষ্টি ও দধি ভান্ডারে নোংরা পরিবেশে ও মরা মাছি পড়ে থাকায় জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত। গতকাল এ অভিযান চালান ভ্রাম্যমান আদালতের বিচারক ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (ভুমি)তানভীর আহমেদ। এসময় পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়।
এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (ভুমি)তানভীর আহমেদ জানান, হরিণাকুন্ডুর মিঠুন মিষ্টি ও দধি ভান্ডারে নোংরা পরিবেশে মিষ্টি বিক্রয় করা হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে সেখোনে অভিযান চালানো হয়। দেখতে পাওয়া যায়, মিষ্টি ও দধি তৈরি হচ্ছে নোংরা পরিবেশে ও তার উপর অগনিত মরা এবং তাজা মাছি পড়ে আছে। তাছাড়া যারা মিষ্টির কারিগর তারা খালি গায়ে ও নোংরা পরিবেশে মিষ্টি ও দধি তৈরি করছেন। যা মানুষের শরীরের জন্য খুবই ক্ষতিকর। তাই মিষ্টি ও দধির কারখানা মালিককে পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়।



## দখল-দূষণ আর কচুরিপানায় গিলে খাচ্ছে শৈলকুপার কুমার নদী

**চঞ্চল মাহমুদ শৈলকুপা :** ঝিনাইদহ জেলা সদর থেকে মাত্র ২০ কিলোমিটার দূরে শৈলকুপা উপজেলা। আর এই শৈলকুপার উপর দিয়ে বয়ে গেছে একটি সুন্দর নদী। নদীটির নাম কুমার নদী। যদিও নদীটি নদ বলে খ্যাত। শৈলকুপার এই কুমার নদীতে একসময় ২-এর পাতায় দেখুন

## আলমডাঙ্গা পৌর সভার নবাগত প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে কাউন্সিলর ও সকল কর্মকর্তা, কর্মচারিদের মতবিনিময়



**আলমডাঙ্গা অফিস :** আলমডাঙ্গা পৌর সভার নবাগত প্রধান নির্বাহী কর্মকর্তা স্নিগ্ধা দাসের সাথে পৌর সভার কাউন্সিলর,ও সকল কর্মকর্তা, কর্মচারিদের মতবিনিময় সভা অনুষ্টিত।গতকাল বিকেল সাড়ে ৪টার দিকে আলমডাঙ্গা পৌর মেয়েরের কার্যালয়ে এই মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন,আলমডাঙ্গা পৌর সভার ৪,বার নির্বাচিত পৌর মেয়র হাসান কাদির গনু।কাউন্সিলরের মধ্যে প্যানেল মেয়র খন্দকার মজিবুল ইসলাম,কাউন্সিলর জহুরুল ইসলাম স্বপন,আব্দুল গাফ্ফার,আশরাফুল ইসলাম বাবু,মোঃ ডালিম হোসেন,মহিলা কাউন্সিলর সিপ্রা সাহা,হিসাব রক্ষন কর্মকর্তা আবুল কালাম আজাদ,প্রধান সহকারি খন্দকার খাইরুল ইসলাম,প্রকৌশলী আসাদুজ্জামান,লাইসেন্স পরিদর্শক আনিসুর ২-এর পাতায় দেখুন




## সুইডেনে পবিত্র কুরআন পুড়ানোর প্রতিবাদে হরিনাকুন্ডুতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

**মোঃ আবু সাইদ,হরিণাকুন্ডু :** সুইডেনে পবিত্র কুরআন পুড়ানোর প্রতিবাদে হরিনাকুন্ডুতে বিক্ষোভ মিছিল সমাবেশ অনুষ্ঠিত অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার দুপুরে জুম্মার নামাজের পর বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে হরিণাকুন্ডু ওলামা মাশায়েখ পরিষদ। মিছিলটি প্রিয়নাথ হাই স্কুলের সামনে থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রদক্ষিণের মাধ্যমে ২-এর পাতায় দেখুন

## রোহিঙ্গা ক্যাম্পে গোলাগুলি, নিহত ৫

**নিজস্ব প্রতিবেদক :** কক্সবাজারের উখিয়া বালুখালী রোহিঙ্গা ক্যাম্পে বিবদমান গ্রুপের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের ঘটনায় ৫ জন নিহত হয়েছে।
গতকাল শুক্রবার ভোর সকাল ৬ টার দিকে ক্যাম্প ওয়েষ্ট-৮ এ-এ এই লোমহর্ষক ঘটনা ঘটে।
নিহতরা হলেন, ক্যাম্প ৮ ডাব্লিউ ৪৯ ব্লকের আনোয়ার হোসেন (২৪), এ ব্লকের হামিম (১৬), ক্যাম্প১০, এইচ ৪২ ব্লকের মো: নজীবুল্লাহ, ক্যাপ-৩ বি ১৭ ব্লকের নুর আমিন ও অন্যজনের পরিচয় তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি।
ঘটনার সত্যতা স্বীকার করে এপিবিএন-১৪ এর অধিনায়ক ও অতিরিক্ত ডিআইজি আমির জাফর বলেন, " গতকাল ( শুক্রবার) সকালে দুটি ২-এর পাতায় দেখুন

## যশোরে অস্ত্র-গুলি ও মাদকসহ তিন কারবারি আটক




**এস আর নিরব, যশোর :** যশোরে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের অভিযানে অস্ত্র-গুলি ও মাদকসহ তিন কারবারি আটক হয়েছে। বৃহস্পতিবার (৬ জুলাই) গভীর রাতে যশোরের মনিরামপুর উপজেলার উত্তর খেদাপাড়া গ্রামে অভিযান চালিয়ে তাদেরকে আটক করা হয়। আটককৃতরা হলো, মণিরামপুর উপজেলার খেদাপাড়া গ্রামের মৃত মোকসেদ মাস্টারের ছেলে আবু সিনহা ওরফে বাবুসোনা (৪২), একই গ্রামের মৃত আব্দুল হামিদের ছেলে হাফিজুর রহমান (৩২) ও মাহাবুর রহমান (২৫)। এসময় আবু সিনহার বসতঘর থেকে একটি বিদেশি পিস্তল, দুই রাউন্ড গুলি, একটি ম্যাগাজিন ও ৫০ পিস ইয়াবা উদ্ধার করে পুলিশ। শুক্রবার বেলা সাড়ে ১১টায় ডিবি কার্যালয়ে পুলিশ পরিদর্শক শহিদুল ইসলাম এক প্রেস ব্রিফিংয়ে একথা বলেন। তিনি বলেন, জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের কাছে গোপন খবর ছিলো আবু সিনহার বাড়িতে অস্ত্র-গুলি নিয়ে অবস্থান করছে একটি মাদকচক্র। ডিবি পুলিশ সেখানে অভিযান চালিয়ে একটি বিদেশি পিস্তল, দুই ২-এর পাতায় দেখুন



## খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ ওসি মোস্তাফিজুর রহমানকে সমাজের আলোর পক্ষ থেকে গাছ উপহার

**আলামিন গাজী, কলারোয়া :** খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ ওসি নির্বাচিত হওয়ায় মোহাম্মদ মোস্তাফিজুর রহমানকে সমাজের আলোর পক্ষ থেকে বিরল প্রজাতির (করোসল/টকআতা/লক্ষন) গাছ উপহার দেওয়া হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন সাংবাদিক ইয়ারব হোসেন। উপহার গাছ টি হস্তান্তর করেন সোহাগ হোসেন, আলামিন গাজী ও রাব্বি ২-এর পাতায় দেখুন

## যশোরে বিলে মাছ ধরতে গিয়ে দুর্বৃত্তদের হামলায় নৈশ প্রহরী নিহত



**এস আর নিরব, যশোর :** শোর সদর উপজেলার নওয়াপাড়া ইউনিয়নের আড়পাড়া বাওড় পাড় থেকে আব্দুর রহিম লস্কার (৫০) নামে এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শুক্রবার দুপুর দেড়টার দিকে স্থানীয়দের দেয়া তথ্য মতে মরদেহ উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতালের মর্গে পাঠিয়েছে। নিহতের স্বজন ও পুলিশ জানিয়েছে নিহত রহিম বৃহস্পতিবার রাতে বিলে মাছ ধরতে গিয়ে দুর্বৃত্তদের হামলার শিকার হন তিনি। নিহত আব্দুর রহিম পার্শ্ববর্তী ছোট বালিয়াডাঙ্গা গ্রামের মৃত বারেক লস্করের ছেলে ।
নিহতের স্বজনরা জানান, আব্দুর রহিম কয়েতখালী বিলে নৈশ প্রহরীর কাজ করতেন। কিন্তু সম্প্রতি বিলটি অন্যের দখলে যাওয়ায় তিনি চাকরিচুত হন। বৃহস্পতিবার রাতে ১১টার দিকে তিনি প্রতিবেশী ইসরাইল ও বাবু খাকে সাথে নিয়ে কয়েতখালী বিলে মাছ ধরতে যান। এসময় ১০/১২ জন সশস্ত্র সন্ত্রাসীরা তাদের ধাওয়া করে। ধাওয়া খেয়ে তিনজন তিন দিকে দৌড় দেন। অন্যদুইজন নিজ বাড়িতে ফিরলেও আব্দুর রহিম নিখোঁজ ছিলেন। অনেক খোঁজাখুঁজি করেও তাকে পাওয়া যায়নি। শুক্রবার ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : *আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)* সম্পাদক ও প্রকাশক : *আলী কদর পলাশ,* ভারপ্রাপ্ত সম্পাদক : *তানভীর হাসান (জিসান হাই)*,ব্যবস্থাপনা সম্পাদক : *আশরাফুল আলম চঞ্চল,* নির্বাহী সম্পাদক : *তুহিন আরণ্য*
*সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ* কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। *ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।* । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ *বিজ্ঞাপন-সার্কুলেশন :* ০১৯৬৯৮৩১৯১৮




দৈনিক এই আমার দেশ
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

### ডেঙ্গুর প্রকোপ

# হাসপাতালের বাড়তি প্রস্তুতি দরকার

দিন দিন বাড়ছে ডেঙ্গুতে মৃত্যু ও আক্রান্তের সংখ্যা। অবস্থা দেখে মনে হচ্ছে ভয়াবহ রূপ নিচ্ছে ডেঙ্গু পরিস্থিতি। যা অত্যন্ত উদ্বেগজনক। গণমাধ্যমের খবরে জানা যায়, গত একদিনেও ৬ শতাধিক রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। সবচেয়ে বেশি দুশ্চিন্তায় ফেলেছে আক্রান্ত রোগীর দ্রুত শকে চলে যাওয়া। স্বাস্থ্য অধিদপ্তর বলছে, ডেঙ্গুতে ৮০ শতাংশ মৃত্যু হয়েছে হাসপাতালে ভর্তির ৩ দিনের মাথায়। সর্বশেষ আক্রান্তের সংখ্যা ১০ হাজার ৪৫৫ জনে দাঁড়িয়েছে। মৃতের সংখ্যা ৬২ জনে ঠেকেছে। রাজধানী ছাড়াও চট্টগ্রামে চলতি মাসের প্রথম ৫ দিনে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ৩ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। ডেঙ্গু মোকাবিলায় স্বাস্থ্যব্যবস্থায় জরুরি অবস্থা ঘোষণার পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা। তবে স্বাস্থ্য অধিদপ্তর বলছে, পরিস্থিতি এখনো সেই পর্যায়ে যায়নি। ডেঙ্গুতে সবচেয়ে বেশি আক্রান্ত হচ্ছে রাজধানীতে। সুস্থ হওয়ার তুলনায় আক্রান্ত হওয়া রোগীর সংখ্যা বেশি হওয়ায় প্রতি মুহূর্তেই চাপ বাড়ছে হাসপাতালে। কিন্তু রাজধানীর বেশির ভাগ হাসপাতালে ডেঙ্গু রোগের চিকিৎসার তেমন কোনো প্রস্তুতি নেই। এখন বর্ষাকাল চলছে। এ সময় প্রচুর বৃষ্টিপাত হয়। সাধারণত জুন থেকে সেপ্টেম্বর মাস পর্যন্ত প্রতি মাসে গড়ে ১২-১৫ দিন বৃষ্টিপাত হয়ে থাকে। তাই এ সময় এডিস মশার দৌরাত্ম্য বেড়ে যায়। চিকিৎসকরা বলছেন, যথাযথ নিয়ন্ত্রণ প্রক্রিয়া অনুসরণ ও জনসচেতনতা সৃষ্টি হলে ডেঙ্গু নিয়ন্ত্রণ সম্ভব। এখনো ডেঙ্গুজ্বরের কোনো প্রতিষেধক বের হয়নি। ডেঙ্গু থেকে রেহাই পেতে হলে সতর্কতা অবলম্বন করতে হবে। গ্রামাঞ্চলেও ডেঙ্গু মশা ছড়িয়ে পড়েছে। সেজন্য শহরের পাশাপাশি গ্রামাঞ্চলেও মানুষকে সচেতন করতে হবে এবং মশক নিধন কার্যক্রম চালাতে হবে। আইইডিসিআরের তথ্যমতে, সাধারণত জুন-জুলাই থেকে শুরু করে অক্টোবর-ডিসেম্বর পর্যন্ত বাংলাদেশে ডেঙ্গুর বিস্তার থাকে। তবে এবার ভয়াবহ হতে পারে ডেঙ্গু পরিস্থিতি। সাধারণত মশক নিধন কার্যক্রমের স্থবিরতা, গাইডলাইনের অভাব এবং মানুষের অসচেতনতাই ডেঙ্গু প্রকোপের জন্য দায়ী। হঠাৎ থেমে থেমে স্বল্পমেয়াদি বৃষ্টিতে ডেঙ্গুর বাহক এডিস মশার লার্ভা খুব বেশি মাত্রায় প্রজনন সক্ষমতা পায়। ফলে এডিস মশার বিস্তারও ঘটে বেশি। উৎস বন্ধ না করতে পারলে ডেঙ্গুর ঝুঁকি থেকেই যাবে। ঢাকার দুই সিটি করপোরেশনের প্রায় সব এলাকাতেই এবার এডিস মশার উপস্থিতি অনেক বেশি। এমনকি ২০১৯ সালের তুলনায় তা দ্বিগুণ। ২০১৯ সালে দুই সিটির ২১টি ওয়ার্ডকে উচ্চ ঝুঁকির তালিকায় রাখা হলেও এবার সেটি ৫৫টি। ঈদের পর গত ৩ জুলাই থেকে বিশেষ অভিযানে নেমেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। চলবে আগামী ১০ জুলাই পর্যন্ত। অন্যদিকে এখনো মাঠে নামেইনি উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। ৮-১৩ জুলাই পর্যন্ত ঝুঁকিপূর্ণ ওয়ার্ডগুলোতে অভিযান চালাবে ডিএনসিসি। সিটি করপোরেশনের পাশাপাশি আমাদেরও সচেতন হওয়া জরুরি। ডেঙ্গুর উৎস এডিস মশার প্রজননক্ষেত্রগুলো ধ্বংস করা। খেয়াল রাখতে হবে, যাতে বাড়ির আঙিনা, ছাদ বা বারান্দায় পানি জমে না থাকে। এ বিষয়ে নাগরিক ও সিটি করপোরেশন উভয়েরই দায়িত্ব আছে। নাগরিকদের মনে রাখতে হবে, একজনের অবহেলা অনেকের ক্ষতি, এমনকি মৃত্যুর কারণ হতে পারে। আবার আক্রান্ত হলেও যথাসময়ে তাকে যথাযথ চিকিৎসাসেবা নিতে হবে। এ ক্ষেত্রে গাফিলতির কোনো অবকাশ নেই। হাসপাতালের প্রস্তুতির বিষয়েও সংশ্লিষ্টরা নজর দেবেন।

## ঝিনাইদহ স্বেচ্ছাসেবক লীগের

সাচ্চু। বক্তব্য রাখেন স্বেচ্ছাসেবক লীগের সাধারন সম্পাদক এ কে এম আফজালুর রহমান বাবু, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই, সাধারন সম্পাদক সাইদুল করিম মিন্টু, আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য পারভিন জামান কল্পনা, নির্মল চ্যাটার্জি, মু আব্দুর রাজ্জাক, জেলা আওয়ামী লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আনিছুর রহমান টিপুসহ অন্যান্যরা। এর আগে দুপুরের পর থেকেই বিভিন্ন উপজেলা থেকে বিপুল সংখ্যক নেতাকর্মীরা মিছিল সহকারে সমাবেশস্থলে হাজির হন।

সম্মেলনের প্রথম অধিবেশন শেষে দ্বিতীয় অধিবেশনে শাহরিয়ার করিম রাসেলকে সভাপতি ও রানা হামিদকে সাধারণ সম্পাদক করে কমিটি গঠন করা হয়।

## শেখ হাসিনার নেতৃত্বে আমরা ভালো

মহিলা লীগ চমৎকার সুসংগঠিত একটি সংগঠন। এই সংগঠনটি প্রধানমন্ত্রীর আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। বাংলাদেশ আওয়ামীলীগের কাছেও দলটি ইশ্বর্নিয় সংগঠণ হিসেবে পরিচিতি পেয়েছে। দলটির প্রতিটি ওয়ার্ডে সব বয়সী নারীরা কমিটিতে রয়েছে। তারা প্রধানমন্ত্রীর উন্নয়ন চিত্র সকলের মধ্যে তুলে ধরছেন। কেন্দ্রীয় যুব মহিলা লীগের সাবেক সদস্য সৈয়দা মোনালিসা ইসলামের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বাশিরা পলি, সাধারণ সম্পাদক অ্যাড. রুথ শোভা মন্ডল, সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি লতিফন নেছা লতা, সাধারণ সম্পাদক রোজিনা খাতুন, মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, আমদহ ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি রেহেনা খাতুন ও সাধারণ সম্পাদক আরিফা খাতুনসহ। এসময় জেলা যুব মহিলা লীগের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## পদায়ন শৈলকুপার উমেদপুর

জানা যায়, ২০১৯ সালের ৮ ডিসেম্বর ডা: মাহবুবুল আলম পারভেজকে উমেদপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে পদায়ন করে স্বাস্থ্য বিভাগ। সেখানে পদায়ন করার পর থেকে তিনি শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বসেন। অফিস সময়ে হাসপাতালে না গিয়ে বেসরকারি ক্লিনিকে মোটা টাকার বিনিময়ে অপারেশন করান। ডা: মাহবুবুল আলম'র এ কর্মকান্ডে স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত হচ্ছে প্রত্যন্ত অঞ্চলের মানুষ।

উমেদপুর গ্রামের ভ্যানচালক রাকিব হোসেন বলেন, শুনেছি এই হাসপাতালে বড় ডাক্তার আছে। কিন্তু কোনদিন তো তাকে চোঁখে দেখলাম না। আমরা হাসপাতালে গেলে তাকে পাই না। হাসপাতাল থেকে কিছু ঔষধ দেয় তা নিয়ে চলে আসি।

একই গ্রামের রইচ উদ্দিন বলেন, সরকার আমাদের সেবা দেওয়ার জন্য তাকে এই হাসপাতালে বদলি করেছে। কিন্তু উনি কোনদিন আসে না। আমাদের সেবা দেওয়ার জন্য সরকার তাকে টাকা দেয় কিন্তু আমাদের সে সেবা দেন না।

রাহাজ মোল্লা নামের এক দিনমজুর বলেন, আমরা শৈলকুপা বা ঝিনাইদহ গিয়ে ডাক্তার দেখায়। আমাদের এখানে যখন একজন ভালো ডাক্তার আছে তাহলে আমরা দুরে যাব কেন। সেই ডাক্তার তো কোনদিন আসে না। তাহলে এখানকার নাম দিয়ে তিনি বেতন তোলেন কেন। শুনেছি উনি শৈলকুপায় প্রাইভেট হাসপাতালে রোগী দেখেন। সরকার আমাদের দেখার জন্য টাকা দেয় আর উনি দুর্নিতী করে শৈলকুপায় প্রাইভেট হাসপাতালে রোগী দেখেন। এই দুর্নিতীবাজ ডাক্তারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া দরকার।

এ ব্যাপারে অভিযুক্ত চিকিৎসক মাহবুবুল আলম পারভেজ বলেন, আমাদের পদায়ন হওয়ার পর থেকেই আমরা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী দেখি। আমাদের উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতি নিয়েই আমরা সেখানে বসি।

শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রাশেদ আল মামুন বলেন, মাহবুবুল আলম তার ইচ্ছেমত কাজ করেন। তাকে কোন নির্দেশ দিলে তিনি কথা শোনেন না। তার আচরণও ভালো না। তাকে আমরা মৌখিক বা লিখিত কোনভাবেই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে চিকিৎসা দেওয়ার জন্য বলিনি।

এ ব্যাপারে ঝিনাইদহের সিভিল সার্জন ডা: শুভ্রা রানী দেবনাথ বলেন, ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে পদায়ন হলেও উনারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী দেখেন।

## খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ পুলিশ সুপার

হয়েছে। একই সাথে প্রথমবারের মত রেঞ্জের শ্রেষ্ঠ জেলা, শ্রেষ্ঠ সার্কেল, শ্রেষ্ঠ থানা এবং শ্রেষ্ঠ এসআই এর কৃতিত্ব অর্জন করেছে সাতক্ষীরা জেলা পুলিশ। সভায় খুলনা রেঞ্জের ডিআইজি মঈনুল হক বিপিএম (বার) আনুষ্ঠানিকভাবে সাতক্ষীরার পুলিশ সুপার কাজী মনিরুজ্জামান পিপিএম শ্রেষ্ঠ পুলিশ সুপার, সদর সার্কেল মীর আসাদুজ্জামানকে শ্রেষ্ঠ সার্কেল, কলারোয়া থানার ওসি মোস্তাফিজুর রহমানকে শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ ও কলারোয়া থানার এসআই আব্দুল বাকীর হাতে পদক ও সার্টিফিকেট তুলে দেন।

সাতক্ষীরা জেলার পুলিশ সুপার কাজী মনিরুজ্জামান ইতোমধ্যে ভূমিদস্যু, মাদক ব্যবসায়ী, চাঁদাবাজ ও সন্ত্রাসীদের বিরুদ্ধে কঠোর অবস্থা নিয়ে এবং ধারাবাহিক গ্রেফতার অভিযান চালিয়ে সর্বমহলে ব্যাপক প্রশংসা অর্জন করেছেন। এছাড়াও জেলায় যোগদানের পর থেকে তিনি সাধারণ মানুষের দুর্ভোগ দুর্দশা লাঘবের জন্য কাজ করে যাচ্ছেন।

সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত ডিআইজি ইকবাল হাসান, নিজামুল হক মোল্যা, নওরোজ হাসান তালুকদারসহ রেঞ্জ কার্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং খুলনা রেঞ্জের ১০টি জেলার পুলিশ সুপার ও খুলনা রেঞ্জাধীন ইন-সার্ভিস টেনিং সেন্টারের কমান্ড্যান্টবৃন্দ।

## রোহিঙ্গা ক্যাম্পে গোলাগুলি, নিহত ৫

বিবদমান গ্রুপের সংঘর্ষে ঘটনাস্থলে ৩ জন নিহত হয়েছে, অপর আহত ২ জনকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত ডাক্তার মৃত বলে ঘোষণা করেন।"

এ ঘটনায় ক্যাম্পে থমথমে অবস্থা বিরাজ করছে। এপিবিএন পুলিশ ঘটনার সাথে জড়িতদের গ্রেফতারে জোর তৎপরতা চালাচ্ছে বলে জানা যায়।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় রোহিঙ্গাদের সুত্রে জানা যায়, ক্যাম্পে পরস্পর বিরোধী দুটি পক্ষ ( আরএসও ও আরসা) এর মধ্যে বেশ কিছুদিন যাবৎ রোহিঙ্গাদের নানা বিষয়ে মত বিরোধ দেখা দিলে উভয় গ্রুপের সশস্ত্র দলে বিভক্ত হয়ে একে অপরের বিরুদ্ধে উস্কানিমূলক বক্তব্য ও উক্তি করে যাচ্ছিল। তারই ধারাবাহিকতায় আজকের রক্তক্ষয়ী সংঘর্ষ ঘটেছে। প্রাথমিকভাবে নিশ্চিত হওয়া গেছে নিহতরা সবাই আরসার সদস্য। ঘটনাস্থল থেকে একটি ওয়ান শুটার গান ও এক রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। ক্যাম্প এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। অপরাধীদের গ্রেপ্তারে পুলিশের অভিযান চলছে। এ ব্যাপারে এপিবিএন-৮ এর সহকারী পুলিশ সুপার মো: ফারুক আহমেদ ( মিডিয়া ও অপারেশন) বলেন, " ক্যাম্পে বিবদমান অনেক গ্রুপ রয়েছে। এসব একাধিক সশস্ত্র গ্রুপের অন্তদ্বন্ধে প্রতিনিয়ত খুনাখুনিসহ বিভি-ন্ন অপকর্ম চলছে। এপিবিএন পুলিশ তাদেরকে বিভিন্নভাবে নিয়ন্ত্রন করে গেলেও আজকের ঘটনা আমাদেরকে আরো বেশি সজাগ ও নিবিড়ভাবে অপরাধী ও সন্ত্রাসী নির্মুলে কাজ করার প্রয়োজনীয়তা কথা ঈঙ্গিত প্রদান করেন। কে আরসা কে আরএসও সেটা বড় কথা নয়। ক্যাম্পে কোনপ্রকার সন্ত্রাসী কর্মকাণ্ড করতে দেওয়া হবে না। উখিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোঃ আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, নিহতদের সুরতহাল রিপোর্ট করে পোস্টমর্টেম করার জন্য কক্সবাজার সদর হাসপাতালে প্রেরণ করা হয়েছে।পরবর্তীতে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

## সুইডেনে পবিত্র কুরআন পুড়ানোর

একতারা মোড়ে গিয়ে শেষে হয় বিক্ষোভ মিছিলটি । সেখানে এক প্রতিবাদ সমাবেশ করেন করে তারা। এসময় বক্তব্য রাখেন মাওলানা রেজাউল ইসলাম, মাওলানা তৈয়বুর রহমান, মাওলানা মঈনুদ্দীন আহমেদ ও মাওলানা চন্দন মোর্শেদ।

## যশোরে বিলে মাছ ধরতে গিয়ে

সকালে আড়পাড়া বাওড় পাড়ে আব্দুর রহিমের মরদেহ পড়ে থাকতে দেখে স্থানীযরা পুলিশে খবর দেয়। এরপর দুপুর দেড়টার দিকে তার মরদেহ উদ্ধার করে মর্গে পাঠায়।

এ বিষয়ে নওয়াপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হুমায়ুন কবীর তুহিন বলেন, কয়েতখালী বিল নিয়ে বিরোধ চলছিলো। রহিম একটি পক্ষের সাথে ছিলো। অপরপক্ষ পরিকল্পিতভাবে এ হামলা চালিয়েছে বলে তিনি অভিযোগ করেন। এছাড়া কায়েতখালীর সাইফুল মেম্বার, রাসেল, আনোয়ারসহ তাদের সন্ত্রাসী বাহিনী এ হত্যার সাথে জড়িত বলে দাবি করেন তিনি।

এ বিষয়ে যশোরের অতিরিক্ত পুলিশ সুপার বেলাল হোসাইন জানান, দুর্বৃত্তদের ধাওয়ার পর আব্দুর রহিমের মরদেহ পাওয়া গেছে। এবিষয়টি নিয়ে তদন্ত চলছে। অভিযোগ পেলে মামলা গ্রহণ করা হবে।

## শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

সার্জন বা গাইনি বিশেষজ্ঞ চিকিৎসক নেই। তবে সার্জারি তে অভিজ্ঞতা রয়েছে এমন চিকিৎসক দিয়ে একেবারে জোড়াতালি দিয়ে অত্র হাসপাতালে অপারেশন এর কার্যক্রম চলমান রাখা হয়েছে। শুধুমাত্র হতদরিদ্র রোগীদের উপকারের কথা বিবেচনা করেই প্রতি সপ্তাহে দুইদিন অপারেশন কার্যক্রম পরিচালিত হয়। এরই ধারাবাহিকতায়, বুধবার হাসপাতালে মোট ৪ জন প্রসুতি মায়ের সিজার অপারেশন অত্যন্ত সফলতার সাথে সম্পন্ন হয়েছে।

এক্ষেত্রে সার্জারি তে অত্যন্ত অভিজ্ঞ চিকিৎসক, অত্র হাসপাতালে মেডিকেল অফিসার হিসাবে দায়িত্বরত ডা. মো. রাজীবুল হাসান (FCPS) মূল সার্জন হিসাবে অপারেশন সম্পন্ন করেন। উল্লেখ্য ডা.মো. রাজীবুল হাসান যশোর শহরে সার্জারি তে অত্যন্ত সুপরিচিত মুখ, এবং যশোরের বিখ্যাত চিকিৎসা প্রতিষ্ঠান " কুইন্স হাসপাতালচ এ নিয়মিত পেটের বিভিন্ন বড় বড় সার্জারি সম্পন্ন করে সে ইতোমধ্যে রোগীদের মাঝে যথেষ্ট আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে।

এছাড়া তার সহকারী সার্জন হিসাবে উপস্থিত ছিলেন, অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আরেক প্রতিশ্রুতিশীল মেডিকেল অফিসার ডা সোহেলী ইসলাম, (MRCS-B- England, PGT) । সার্বিক বিষয় তত্ত্বাবধানে ডা মো. রাশেদ আল মামুন এবং আবাসিক মেডিকেল অফিসার ডা মো সুজায়েত হোসেন।

সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে বেশ অপপ্রচার চালানো হচ্ছে যে, শৈলকুপা হাসপাতালে অপারেশন কার্যক্রম বন্ধ করে দেওয়া হয়েছে, যেটা সম্পূর্ণ বানোয়াট ও ভিত্তিহীন অভিযোগ এবং কিছু সুযোগ সন্ধানী ব্যক্তি-গোষ্ঠী অত্র হাসপাতালের ইমেজ নষ্ট করার জন্যই এমন অপপ্রচার চালাচ্ছে, যেন সমগ্র বিষয়টিকে বিতর্কিত করে হাসপাতালের অপারেশন কার্যক্রম একেবারেই বন্ধ হয়ে যায় এবং তাতে নিজেরা ফায়দা লুটতে পারে। তাদের এই অপচেষ্টার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাই। এই হাসপাতালের প্রতিটি চিকিৎসক রোগীর উপকারের ব্যাপারে চিন্তা করে, ইনশাআল্লাহ সবার দোয়ায় সবসময় কর্মতৎপর থাকবে বলেই বিশ্বাস। সকলের সহযোগিতা একান্ত কাম্য। ধন্যবাদ।

ডাঃ রাশেদ আল মামুন বলেন, দরিদ্র রোগী বা তার স্বজন দের প্রতি বিনীত অনুরোধ, গর্ভাবস্থায় আপনারা হাসপাতালমুখী হন। আমাদের এখানে নর্মাল ভ্যাজাইনাল ডেলিভারির সুব্যবস্থা আছে এবং এক্ষেত্রে আমরা জাতীয় পুরষ্কারে ও ভূষিত হয়েছি। যে রোগীর জন্য নর্মাল ভ্যাজাইনাল ডেলিভারি প্রযোজ্য নয়, তার জন্য অত্র হাসপাতালে সম্পূর্ণ বিনামূল্যে সিজার অপারেশন এর কার্যক্রম চলমান আছে, এবং ইনশাআল্লাহ ভবিষ্যতেও চলমান থাকবে।

## কালীগঞ্জ প্রেসক্লাবের সদস্যদের

পরিনত হয়। প্রেসক্লাবের সভাপতি জামির হোসেন ও সাধারন সম্পাদক হাবিব ওসমান জানায়, শুক্রবার জুম্মার নামাজের আগেই প্রেসক্লাবে এসে জড়ো হয় নবনির্বাচিত কমিটি নেতৃবৃন্দ ও সাধারন সদস্যগন। এরপর একে একে আগমন ঘটে অতিথি জনপ্রতিনিধিদের। এ সময় অতিথিগনকে শুভেচ্ছা জানানোর পর তারাও প্রেসক্লাবের সাংবাদিক সদস্যদের সাথে কোলাকুলি ও নবগঠিত কমিটি সহ সাধারন সদস্যদেরকে শুভেচ্ছা জানান। এরপর অতিথিবৃন্দ ও প্রেসক্লাবের সকল সদস্যগন সরকারী নলডাঙ্গা ভূষনস্কুল কেন্দ্রিয় ঈদগাহে এক ফটো সেশন করেন। সেখানে কালীগঞ্জ সহ দেশের প্রয়াত সকল সাংবাদিকদের রুহের মাগফেরাত কামনা করে এক দোয়া পরিচালনা করেন সাংবাদিক আব্বাস উদ্দিন। এরপর জুম্মা নামাজ শেষে অতিথি ও সাংবাদিকদের নিয়ে ক্লাবে মধ্যহ্ন ভোজের আয়োজন করা হয়।

## আলমডাঙ্গার জাহাপুরে বিদ্যুৎস্পৃষ্টে

বাড়িতে ঢুকে উঠানে পড়ে থাকা তার সরানোর সময় (বিদ্যুৎ সংযোগ থাকায়) বিদ্যুৎস্পৃষ্ট হয়। পরে পরিবারের সদস্যরা দ্রুত শামিমকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসলে চিকিৎসক মৃত ঘোষনা করেন। চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. ওয়াহেদ মাহমুদ রবিন বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর শামিমকে মৃত ঘোষনা করা হয়। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে। মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে।

## মাগুরায় তিলের বাম্পার ফলন

কৃষক রতন কুমার জানান, তিনি কৃষি বিভাগের সহায়তায় এ বছর ২ বিঘা জমিতে উচ্চ ফলনশীল জাতের তিল চাষ করেছেন। মৌসুমের শুরুতে বৃষ্টিপাত কম হওয়ায় এ বছর তিলের ক্ষতিও কম হয়েছে। এ করণে ফলনও ভালো পেয়েছেন তিনি। দুই বিঘা জমি থেকে প্রায় ৯ মণ তিল ঘরে তুলেছেন। বাজারে প্রতিমন তিল বিক্রি হচ্ছে ৩ হাজার টাকা থেকে ৩ হাজার ২০০ টাকা দরে।

মাগুরা সদর উপজেলার বেণীপুর গ্রামের কৃষক সুধাংশু কুমার বিশ্বাস জানান, তিনি এ বছর ৩০ শতাংশ জমিতে বারি-৩ জাতের তিলের চাষ করেছিলেন। এতে তার সব মিলিয়ে খরচ হয়েছে ৫ হাজার টাকা। এ জমি থেকে তিনি প্রায় প্রায় ৪ মণ তিল পেয়েছেন।

এ বিষয়ে মাগুরা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক কৃষিবিদ মো. মোশাররফ হোসেন জানান, বছর মাগুরা জেলায় তিলের ফলন ভালো হয়েছে। তিল ভোজ্য তেল উৎপাদনে ভূমিকা রাখার পাশপাশি এটির বাণিজ্যিকি গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে। বিনা ও বারি কর্তৃক উদ্ভাবিত উচ্চফলনশীল তিলের বীজ কৃষক পর্যায়ে সরবরাহ করার কারণে সার্বিক উৎপাদনের পাশাপাশি দামও ভালো পাচ্ছেন জেলার কৃষকরা। তিলের তেল পুষ্টি সমৃদ্ধ ও স্বাস্থ্য সম্মত বিধায় কৃষকরা তিল উৎপাদে আগ্রহী হয়ে উঠছেন কৃষকরা।

## আলমডাঙ্গায় মাদক ব্যবসায়ী কামালের

অনেক মাদক ব্যবসায়ী ও সেবী গ্রেপ্তার হয়। যে কারণে এলাকার শীর্ষ মাদক ব্যবসায়ী ও একাধিক মামলার আসামী গড়চাপড়া গ্রামের আব্দুল হান্নানের ছেলে কামাল হোসেন আমার উপর ক্ষিপ্ত হয়। সে আমাকে সামাজিক ভাবে হেউপ্রতিপন্ন করার জন্য মিথ্যা ও বানোয়াট তথ্য দিয়ে আমার বিরুদ্ধে সংবাদ সম্মেলন করে। আমি তাকে কখনো হয়রাণী করিনি। কামাল একজন মাদক বিক্রেতা, সেকারণেই পুলিশ তাকে আটক করার জন্য খুঁজতে পারে। সে দীর্ঘদিন ইউনিয়ন জুড়ে মাদক ব্যবসা করে আসছে। তার বিরুদ্ধে একাধিক মাদক ও হত্যা মামলা রয়েছে। আমি মাদকের বিরুদ্ধে সোচ্চার হওয়ায়, মাদক ব্যবসায়ী কামাল অন্য মাদক ব্যবসায়ীদের সংগঠিত করে আমাকে বিপদে ফেলার চেষ্টা করছে।

আমি সংবাদ সম্মেলনের মাধ্যমে জেহালা ইউনিয়ন থেকে চিনিহ্নত মাদক ব্যবসায়ী কামালসহ অন্যান্য মাদক ব্যবসায়ীদের গ্রেপ্তার সহ কঠোর আইনী পদক্ষেপ নিতে প্রশাসনের কাছে জোর দাবি জানাচ্ছি।

## মুজিবনগরে দোকান ভাংচুর

প্রকাশ্য দিবালোকে ৮/১০ জন সশস্ত্র লোকজন নিয়ে হামলা করে প্রাচীর ও সীমানা বেষ্টনী ভেঙ্গে ভিতরে ঢুকে ১০টি মেহগনি এবং ২০টি সেগুন গাছ কেটে লুট করে। যার মুল্য আনুমানিক সাড়ে তিন লাখ টাকা। বিষয়টি জানার পর থানা পুলিশকে খবর দেয়া হলে সজিবুলসহ অন্যান্যরা স্থান ত্যাগ করে। এ বিষয়ে স্থানীয়রা উভয় পক্ষকে মিমাংসার প্রস্তাব দিলেও সজিবুল হক তা অগ্রাহ্য করে। বাধ্য হয়ে তিনি মোকাম বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালতে ৬জন নামীয় আসামীসহ অজ্ঞাত আরো কয়েকজনের নামে একটি মামলা করেন। যার নং-সিআর ২৭০/২০২২ ইং। আনোয়ার হোসেন আরো জানান, সজিবুল একজন দুর্ধর্ষ প্রকৃতির মানুষ। সে কুষ্টিয়া বসবাস করে। এলাকায় মাঝে মধ্যে এসে স্থানীয় গুণ্ডা প্রকৃতির লোকজনকে টাকা পয়সা দিয়ে নানা ধরনের অপকর্ম করিয়ে থাকে। তাছাড়া দোকান ভাংচুর ও গাছ লুটপাটের ঘটনায় মামলা দায়ের করার পর অব্যহত হুমকী দিয়ে যাচ্ছে সজিবুল। বর্তমানে নিরাপত্তাহীন অবস্থায় আছেন বলেও দাবী করেছেন আনোয়ার হোসেন। বিষয়টি সমাধানে প্রশাসনের হস্তক্ষেপ দাবী করেছেন তিনি। সংবাদ সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বিশিষ্ট ব্যবসায়ি গোলাম মর্তুজা, জিন্নাত আলী, আবুল কালাম আজাদ, মারুফ হাসান, আনসারুল ইসলাম কাটুসহ এলাকার গন্যমান্য ব্যক্তি। এবিষয়ে দোকান ভাংচুরের বিষয়ে জানতে চেয়ে সজিব এর সাথে মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করেও মোবাইলে সংযোগ না পাওয়ায় মন্তব্য নেয়া সম্ভব হয়নি।

## পরিবারের সদস্যদের বিরুদ্ধে

বিশ্বাসের ছেলে শোভন বিশ্বাসের সাথে তার বিয়ে হয়। কিন্তু বিয়ের পর জানতে পারেন তার স্বামী শোভন বিশ্বাস মাদকাসক্ত। প্রায় নেশা করে তাকে মারপিটসহ নির্মমভাবে নির্যাতন করতে থাকে। বিষয়টি পিতা-মাতাকে অবগত করলেও তারা ধৈর্য ধরতে বলেন। এভাবেই প্রায় ৫ বছর অতিবাহিত হলেও স্বামী শোভন বিশ্বাসের কোন পরিবর্তন হয়নি, উল্টো নির্যাতনের মাত্রা বাড়িয়ে দেয়। কিন্তু পিতা-মাতাকে জানিয়েও কোন লাভ না হওয়ায় তিনি একবার আত্মহত্যার চেষ্টাও করেন। পরে শোভন বিশ্বাসের বাড়ি থেকে পালিয়ে গিয়ে তাকে তালাক দেন। এর কিছুদিন পর তালার তেরছি গ্রামের দুলাল চন্দ্র দাশের ছেলে উজ্জল কুমার দাশের সাথে তার সম্পর্ক তৈরি হয়।

পপি রাণী দাস আরও বলেন, উজ্জল কুমার দাশ আমাকে নতুন করে বাঁচার স্বপ্ন দেখায়। সে আজীবন আমার পাশে থাকার প্রতিশ্রুতি দিলে একপর্যায়ে আমরা দু'জন সনাতন ধর্মীয় মতে কোর্ট ম্যারেজ করি। বিয়ের পর সুখে শান্তিতেই বর্তমান স্বামী উজ্জল কুমার দাশের বাড়িতে বসবাস করছি। কিন্তু আমার পিতা সন্তোষ কুমার দাশ, মাতা জ্যোৎস্না রাণী দাস, প্রকাশ কুমার দাস, জেটি পূর্ণিমা রাণী দাস, প্রতিবেশী কাকা জয়দেব বিষয়টি মানতে নারাজ। তারা কৌশলে আমাকে পুনরায় পূর্বের মাদকাসক্ত স্বামীর ঘরে পাঠাতে মরিয়া হয়ে ওঠে।

তিনি অভিযোগ করে বলেন, যেখানে আমার জীবন নিয়ে সংশয় রয়েছে সেখানে পুনরায় ফিরে যাওয়ার প্রশ্নই ওঠে না। কিন্তু আমার পরিবারের সদস্যরা জোর করে আমাকে মাদকাসক্ত শোভন বিশ্বাসের ঘরে ফের পাঠাতে চায়। আমি তাদের কথায় বর্তমান স্বামীকে ত্যাগ না করায় আমার পিতার নেতৃত্বে উল্লেখিত ব্যক্তিরা আমার স্বামীসহ তার পরিবারের সদস্যদের মারপিট, পুলিশ দিয়ে হয়রানি এবং মিথ্যে মামলায় ফাঁসিয়ে হয়রানির চেষ্টা করে যাচ্ছে। তাদের কারণে আমার বর্তমান স্বামীর পরিবারের সদস্যরা বর্তমানে চরম নিরাপত্তা হীনতায় ভুগছে।

তিনি আরও বলেন, আমি বর্তমান স্বামীর সাথে সুখে শান্তিতে আছি এবং তার সাথেই সংসার করতে চাই। আমি যেখানে থাকি যেন সুখে থাকি, এটাই আমার পিতা-মাতার প্রত্যাশা হওয়ার কথা হলেও তারা কেন জানিনা সেটি মেনে নিতে পারছে না। আমার জীবন গেলেও ওই মাদকাসক্ত স্বামীর ঘরে আর ফিরে যেতে চাই না।

তিনি বর্তমান স্বামী এবং তার পরিবারের সদস্যদের জীবনের নিরাপত্তা নিশ্চিত পূর্বক যাতে স্বামী উজ্জল কুমার দাশকে নিয়ে সুখে শান্তিতে বসবাস করতে পারেন তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সাতক্ষীরা পুলিশ সুপারসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরী হস্তক্ষেপ কামনা করেন।

## মেহেরপুরে নির্মানাধীন শেখ রাসেল

কাজ ঘুরে দেখেন। মেহেরপুর জেলা যুব উন্নয়ন কর্মকর্তা ফিরোজ আহম্মেদ, জেলা ক্রীড়া কর্মকর্তা আরিফ আহমেদ, আমঝুপি পাবলিক ক্লাবের ক্রীড়া সম্পাদক সোহেল রানা, সহকারি ক্রীড়া সম্পাদক শহিদুল ইসলাম সাগর সহ জেলা ক্রীড়া সংস্থা ও জেলা যুব উন্নয়ন কর্মকর্তারা সেখানে উপস্থিত ছিলেন ছিলেন। এসময় তিনি কাজের ঠিকাদারী প্রতিষ্ঠানকে কাজের মান রক্ষা করে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার তাদিগ দেন। নির্মাণাধীন শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মান কাজের ব্যায় ধরা হয়েছে ৫ কোটি ৭৯ লাখ ২৭ হাজার টাকা।

## দখল-দূষণ আর কচুরিপানায় গিলে

প্রচুর পরিমানে শৈলমাছ পাওয়া যেত এবং তা সাধারণ কুপিয়ে মারা হতো। এ জন্যেই এই অঞ্চলের নাম হয় শৈলকুপা। এক সময় এই নদীটির সুন্দর্য্য দেখতে দেশের বিভিন্ন স্থান থেকে ছুটে এসেছে শত শত দর্শনার্থী। কিন্তু বর্তমানে নোংরা আবর্জনা আর ড্রেনের পানি মিশে নদীর সৌন্দর্য্য হারিয়ে যেতে বসেছে। শৈলকুপা উপজেলার বিভিন্ন এলাকায় দোকান ঘর ও আড়ৎ ঘর নির্মান করতে বালি ও মাটি দিয়ে ভরাট করা হচ্ছে এই নদীর কিনারা। শৈলকুপা বাজারে নদীর কিনারা ঘেসে হাট বসে প্রতি শনি ও মঙ্গলবার। সপ্তাহের এ দুটি হাটে আমদানি হয় বিভিন্ন রকম পন্য। আর এ পন্যের সকল বর্জ্য-আবর্জনা ফেলা হয় কুমার নদীর তীরে। এতে করে দিনদিন নদীটি ভরাট হতে চলেছে।

সেই সাথে বিভিন্ন এলাকার ড্রেনেজ ব্যবস্থার সমস্ত ময়লা পানি গিয়ে যোগ হচ্ছে এই নদীতে। শুধু তাই নয় নদীটি বর্তমানে কচুরিপানাই কানায়-কানায় পূর্ণ, শৈলকুপা ব্রীজের উপর থেকে পশ্চিম দিকে তাকালে পানি দেখা যায়না শুধু কচুরিপানা। পৌরসভার কবিরপুরে অবস্থিত সমস্ত ক্লিনিকের আবর্জনাও ফেলা হয় এই নদীতে। তাই দিনদিন হারিয়ে যেতে বসেছে শৈলকুপার কুমার নদীর এই সৌন্দর্য্য। আমাদের এই সুন্দর কুমার নদীকে বাঁচাতে হলে এখনই যথাযথ কর্তৃপক্ষকে এগিয়ে আসতে হবে বলে মনে করেন এলাকার সুশীল সমাজ।

## আলমডাঙ্গা পৌর সভার নবাগত প্রধান

রহমান,হিসাব সহকারি জয় কুমার বিশ্বাস,সিএ হাফিজুর রহমান,মোস্তাক আহম্মেদ,পরিছন্নতা কর্মি মামুনুর রশিদ মামুন,সিরাজুল ইসলাম সহ সকল কর্মকর্তা, কর্মচারি বৃন্দ।এ সময় প্রধান নির্বাহী কর্মকর্তা স্নিগ্ধা দাস সকলের সাথে পরিচিত হন।এবং বলেন আমি এই প্রথম কোন পৌর সভায় প্রধান নির্বাহী কর্মকর্তার দায়িত্ব পালন কর্তে যাচ্ছি।আপনারা আমাকে সহায়তা করলে মেয়র মহদয় সহ আমরা সকলে মিলে এই প্রথম শ্রেনীর পৌরসভাকে সুন্দর মডেল পৌর সভা গড়ব।পৌর মেয়র বলেন আমরা আপনাকে সর্বপ্রকার সহায়তা করব,আপনি স্বাচ্ছন্দে কাজ করতে পারেন।সেক্ষেত্রে আমার বা পৌর সভার যে কোন স্টাপের প্রয়োজন হলে আপনি তাকে সেই ভাবে নির্দেশ দেবেন।

## খুলনা রেঞ্জের শ্রেষ্ঠ ওসি মোস্তাফিজুর

হোসেন। বিরল প্রজাতির এই (করোসল/টকআতা/লক্ষন) যা ক্যান্সার বিরোধি গাছ হিসেবে পরিচিত। করোসল গাছের ফল, পাতা, বাকল সবকিছুই অবিশ্বাস্যভাবে প্রাকৃতিক ক্যান্সার কোষ প্রতিরোধী। অন্যদিকে, করোসল ফল গ্রহণে কেমোথেরাপির মতো চুল পড়ে না, উপরন্তু ক্যান্সার কোষ দমনকারী। প্রচলিত মেডিক্যাল চিকিৎসা সেবার মতো ক্যান্সার প্রতিরোধে এই ফলের কোনো পার্শ্বপ্রতিক্রিয়াই নেই। করোসল এ প্রচুর ভিটামিন সি রয়েছে।টক আতা ফলের পাশাপাশি এর পাতাও উপকারী বলে বিবেচিত হচ্ছে। এর পাতা দিয়ে চা তৈরী করে খাওয়া হলে উপকৃত হওয়া সম্ভব। তাই পরম উপকারী এ ফলের গাছটি সবার বাড়ীতে থাকা উচিৎ বলে মত প্রকাশ করেছেন মোহাম্মদ মোস্তাফিজুর রহমান

## যশোরে অস্ত্র-গুলি ও মাদকসহ

রাউন্ড গুলি, একটি ম্যাগাজিন ও ৫০ পিস ইয়াবা উদ্ধার করে। এসময় ওই তিনজনকে আটক করা হয়। আটককৃতদের বিরুদ্ধে মনিরামপুর থানায় পৃথক দুটি মামলা দায়ের করা হয়েছে।

## বিএনপিকে তো সংলাপে ডাকা হয়নি

ইস্যুতে কোনো সংলাপ করার সুযোগ নাই, কোনো সংলাপ হবেই না' বলে সাফ জানিয়ে দেন তিনি। গতকাল শুক্রবার সকালে রাজধানীর মিন্টো রোডের বাসভবনে মতবিনিময়কালে সাংবাদিকরা বিএনপি মহাসচিবের বক্তব্য- 'নির্দলীয় সরকার দিলে সংলাপ'- এ নিয়ে প্রশ্ন করলে মন্ত্রী এসব কথা বলেন। সম্প্রচারমন্ত্রী বলেন, বাংলাদেশে সংবিধান অনুযায়ী আগামী নির্বাচন অনুষ্ঠিত হবে। এবং সেই নির্বাচনে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বর্তমান সরকার নির্বাচনকালীন সরকার হিসেবে দায়িত্ব পালন করবে। এই বাস্তবতা বিএনপিকে মেনে নিতেই হবে। হাছান মাহমুদ বলেন, তাদের যে তত্ত্বাবধায়ক বা নির্দলীয় সরকারের দাবি, সেটি দেশে যেমন সমর্থন পায়নি, আন্তর্জাতিক অঙ্গনেও তারা যাদের হাতে-পায়ে ধরে, নিয়মিত দেন-দরবার করে, তাদেরও কোনো সমর্থন পায়নি।

সেই দাবি দেশেও মাঠে মারা গেছে, আন্তর্জাতিক অঙ্গন থেকেও প্রত্যাখ্যাত হয়েছে- এই বাস্তবতা মেনে নিয়েই তাদের আগামী নির্বাচনে আসতে হবে, উল্লেখ করেন তিনি।

## চার দিনের সফরে থাইল্যান্ডে

আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর-আইএসপিআর এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, থাইল্যান্ডের ব্যাংককে শনিবার এশিয়া অলিম্পিক কাউন্সিলের ৪২তম সাধারণ সভায় যোগ দেবেন সেনাপ্রধান। এশিয়ার বিভিন্ন দেশের ৪৫টি জাতীয় অলিম্পিক কমিটির প্রতিনিধিরাও তাতে অংশ নেবেন। সভায় অংশগ্রহণ ছাড়াও এশিয়া অলিম্পিক কাউন্সিলের এক্সিকিউটিভ কমিটি নির্বাচনে (২০২৩-২০২৭ সাল) ভোট দেবেন জেনারেল শফিউদ্দিন আহমেদ। বিভিন্ন দেশের অতিথিদের সঙ্গে সাক্ষাতে ক্রীড়া উন্নয়নমূলক বিভিন্ন বিষয়ে মতবিনিময়ও করবেন।

সফর শেষে ১১ জুলাই তার দেশে ফেরার কথা রয়েছে।

## নির্বাচনে ইসির দেয়া দায়িত্ব পালন

সে অনুযায়ী দায়িত্ব পালন করবে। পুলিশের সক্ষমতা আগের চেয়ে অনেক বেড়েছে। একটা সময় ছিল যখন দেশে জঙ্গিবাদ সন্ত্রাসবাদের হলি খেলা চলছিল। প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক পুলিশ জঙ্গিবাদ সন্ত্রাসবাদ দমনে জিরো টলারেন্স নীতিতে কাজ করছে।'

শুক্রবার বেলা সাড়ে ১১টায় সুনামগঞ্জ শহরের ওয়েজখালীর পুলিশ লাইন্সে জেলার দরিদ্র ও অসহায় পরিবারের মধ্যে খাদ্য ও বস্ত্র বিতরণ অনুষ্ঠান শেষে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, 'জঙ্গিবাদ দমনে পুলিশের পাশাপাশি অন্যান্য সংস্থা মিলেমিশে কাজ করছে। নির্বাচনকালেও সেভাবে পালনের জন্য প্রস্তুতি রয়েছে। নির্বাচনে দায়িত্ব পালনে পুলিশের পূর্ব অভিজ্ঞতা রয়েছে। সে অনুযায়ী আমাদের যথেষ্ট প্রস্তুতি রয়েছে।'

আইজিপি বলেন, 'বাংলাদেশ পুলিশ একটি শতবর্ষী প্রতিষ্ঠান। দেশের আইনশৃঙ্খলা রক্ষায় দায়িত্ব পালন করেছে। একসময় দেশের দক্ষিণ পশ্চিমাঞ্চল ও সুন্দরবন জলদস্যু ও সন্ত্রাসীদের আখড়া ছিল। পুলিশের এখন লজিষ্টিক সাপোর্ট বেড়েছে। প্রযুক্তি ব্যবহার করে আইনশৃংখলা পরিহতির উন্নতি হয়েছে।'

এ সময় উপস্থিত ছিলেন- সিলেট রেঞ্জের ডিআইজি শাহ মিজান শাফিউর রহমান, জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, পুলিশ সুপার মোহাম্মদ এহসান শাহ, সদর মডেল থানার অফিসার ইনচার্জ ইখতিয়ার উদ্দিন চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে আইজিপি ২০০ দরিদ্র ও অসহায় পরিবারের সদস্যদের মাঝে খাদ্য ও বস্ত্র তুলে দেন।

## জীবন শঙ্কায় নুর

দলে থাকা অবস্থায় এসব অভিযোগ করেননি। বোঝাই যাচ্ছে ক্ষোভ ও রাগ থেকে এসব অভিযোগ করছেন। তিনি বলেন, এই সরকার পতনের যখন সাইরেন বাজছে। তখন রেজা কিবরিয়া গোয়েন্দা সংস্থার ফাঁদে পড়ে বিএনপি ভেঙ্গে, বিএনপির কিছু মনোনয়নবঞ্চিত নেতা, পদবঞ্চিত নেতাদের নিয়ে নির্বাচনে যাওয়ার পাঁয়তারা করছেন। রেজা কিবরিয়া তো দলের কোন পদে নাই। দল তার নামে নিবন্ধন পাবে এটা তিনি কীভাবে বলেন। নির্বাচন কমিশনে (ইসি) কি তার কোনো মামু, খালু আছে? নুর বলেন, গণঅধিকার পরিষদের ভবিষ্যৎ উজ্জ্বল। গণঅধিকার পরিষদ সম্ভাবনাময় একটা রাজনৈতিক দল। সেটা বুঝতে পেরে অনেকেই গণঅধিকার পরিষদকে ধ্বংস করতে উঠে পড়ে লেগেছে। কাজের মধ্য দিয়ে এটা কাটিয়ে উঠবো, এটা আমাদের দৃঢ় বিশ্বাস

## সরকারি প্রকৌশলী নিয়োগ দিতে

ও অযৌক্তিক। প্রয়োজনে সমস্যা সমাধান করে হলেও ১৫৬টি পদের নিয়োগ বাতিল না করার জন্য প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন তারা।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ভবন।

১৫৬ সহকারী প্রকৌশলী নিয়োগের বিষয়ে জানতে চাইলে পিএসসির চেয়ারম্যান সোহরাব হোসাইন বলেন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের চিঠি আমাদের নজরে এসেছে। কিন্তু এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় আমাদের যা করতে বলবে, আমরা তাই করব। নিয়োগ কমানো বা বাড়ানো সরকারের এক্তিয়ার। তবে এ বিষয়ে দ্রুত সিদ্ধান্ত আসতে হবে, না হলে নন-ক্যাডার নিয়োগে দেরি হবে। সংশ্লিষ্ট সূত্র বলছে, দুই দফা ১৫৬ সহকারী প্রকৌশলী শূন্য পদের নিয়োগের চাহিদা দিয়েছিল এলজিইডি। ২০২২ সালের ৩ আগস্ট স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের প্রধান প্রকৌশলী ৪০তম বিসিএস নন-ক্যাডার থেকে সুপারিশের জন্য সহকারী প্রকৌশলী (পুর) ১৫৬ পদের অধিযাচন পাঠান। গত বছরের ২৮ আগস্ট স্থানীয় সরকার বিভাগ থেকে শূন্য পদের তালিকা পিএসসিতে পাঠানো হয়। গত বছরের ২ নভেম্বর স্থানীয় সরকার বিভাগ থেকে এক চিঠিতে ১৫৬টি পদের অধিযাচন বাতিলের জন্য বলা হয়। বাতিলের কারণ হিসেবে বলা হয় ভবিষ্যতে জ্যেষ্ঠতার সমস্যা তৈরি হতে পারে। তবে জনবলের চাহিদা থাকায় গত বছরের ১৫ ডিসেম্বর স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর জ্যেষ্ঠতার বিষয় নিয়ে স্থানীয় সরকার বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে আবারও ১৫৬ পদের চাহিদা পাঠায় স্থানীয় সরকার বিভাগে। চলতি বছরের ২৯ জানুয়ারি অধিযাচনের চিঠি জনপ্রশাসন মন্ত্রণালয় হয়ে গত ১৯ ফেব্রুয়ারি পিএসসিতে আসে।

## অক্টোবরে প্রধানমন্ত্রী মেট্রোরেলের

থামবে। পর্যায়ক্রমে বাস্তবতা বিবেচনায় মেট্রো ট্রেন থামার স্টেশন সংখ্যা বৃদ্ধি করা হবে।

তিনি বলেন, উত্তরা থেকে আগারগাঁও অংশে বর্তমানে প্রতিদিন গড়ে ৭০ হাজার যাত্রী যাতায়াত করছেন। এই সংখ্যা ধারাবাহিকভাবে বৃদ্ধি পাচ্ছে। এতে এখন দৈনিক গড়ে আয় হচ্ছে ২৬ লাখ টাকা।

মেট্রোরেলকে জাতির বিশাল সম্পদ উল্লেখ করে ওবায়দুল কাদের বলেন, সব কাজে আমাদের রাজনীতি যুক্ত করা উচিত নয়। রাজনীতির জায়গায় রাজনীতি। আর রাজনীতি করলেই এ ধরনের পরিকল্পনা করা যায় না। ভিশন থাকতে হয়। সে ভিশন আছে বলেই শেখ হাসিনার সরকার একে একে এ ধরনের মেগাপ্রকল্প করতে পারছেন। শুধু মুখে বলিনি, বাস্তবায়ন করে জাতিকে দেখাচ্ছি।

তিনি বলেন, এক বছর আগেও মানুষ ভাবেনি পদ্মাসেতু এত তাড়াতাড়ি চালু হবে, মতিঝিল পর্যন্ত মেট্রো রেলপথ প্রস্তুতি সম্পন্ন হবে।

পরে মন্ত্রী আনুষ্ঠানিকতা শেষে ফ্লাগ উড়িয়ে আগারগাঁও থেকে মতিঝিল পরীক্ষামূলক মেট্রোট্রেন চলাচল সূচনা করেন।

সড়ক ও মহাসড়ক বিভাগের সচিব এবিএম আমিন উল্লাহ নুরী, এমটিসিএলের ব্যবস্থাপনা পরিচালক এমএএন সিদ্দিকসহ মেট্রোরেলের সংশ্লিষ্ট কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## পদ্মা সেতু হয়ে রেল ভারত পর্যন্ত

সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে চীফ হুইপ এসব কথা বলেন।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর মাদারীপুরের নির্বাহী প্রকৌশলী মো. আশরাফ আলী খান এর সভাপতিত্বে এসময় মাদারীপুর জেলা প্রশাসক মোহাম্মদ মারুফুর রশিদ খান, বাংলাদেশ ফরায়েজী আন্দোলনের সভাপতি বাহাদুরপুর মঞ্জিলের গদিনশীন পীর হযরত মাওলানা আব্দুল্লাহ মোহাম্মদ হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ঝোটন চন্দ্র, শিবচর উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব আ. লতিফ মোল্লা, পৌরসভার মেয়র মো. আওলাদ হোসেন খান, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রাজিবুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগ সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব শাজাহান মোল্লা, উপজেলা প্রকৌশলী একেএম রেজাউল করিম প্রমুখ উপস্থিত ছিলেন।

এর আগে চীফ হুইপ বাহাদুরপুর এলাকায় মেসার্স এ এইচ কে ফিলিং স্টেশন উদ্বোধন করেন। পরে চীফ হুইপ জুমার নামাজ আদায় শেষে দ্বিতীয়খন্ড ইউনিয়নে একটি সামাজিক অনুষ্ঠানে যোগদান করেন।

এ সময় চীফ হুইপ আরো বলেন, আমাদের স্বপ্নের সেতু পদ্মা সেতু। ১৯৭৪ সালে বঙ্গবন্ধু কিন্তু এই সড়কের জন্য ৪ লাখ টাকা বরাদ্দ দিয়েছিলেন। বঙ্গবন্ধু বেঁচে থাকলে এই সড়ক এবং পদ্মা সেতু অনেক আগেই আমরা পেতাম। বিভিন্ন রাজনৈতিক কারণে বিভিন্ন সরকার ক্ষমতায় থাকার কারণে আমাদের সেতু করতে দেয়নি। বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সাহসী ভূমিকার কারণে, কত দেশি বিদেশী ষড়যন্ত্র মোকাবেলা করে দেশের নিজস্ব অর্থায়নে, আপনাদের টাকায় আমাদের সকলের টাকায় এই পদ্মা সেতু নির্মাণ করা হয়েছে। আমরা রাস্তা পাবো, ব্রীজ পাবো ভেবেছি কিন্তু রেল লাইন পাবো এটা আমরা কখনো ভাবতেও পারিনি। প্রধানমন্ত্রীর কাছে আমাদের রেল সংযোগ পাওয়ার দাবী কিন্তু কখনো ছিলো না। না চাওয়ার পরও প্রধানমন্ত্রী আমাদের জন্য এই রেল লাইন করে দিয়েছেন

উল্লেখ্য, দাদাভাই সেতুটির দৈর্ঘ্য ২৪৫ মিটার, প্রস্থ ৭.৩ মিটার। সেতুর নির্মাণ ব্যয় প্রায় সাড়ে ২৯ কোটি টাকা।

## প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনার

মাধ্যমে যোগাযোগ করতে না পেরে প্রধানমন্ত্রী যোগাযোগ করেন সাবেক অধিনায়ক ও নড়াইল-২ আসনের সংসদ সদস্য মাশরাফির সঙ্গে। পরে মাশরাফিই তামিম ও তার স্ত্রীকে নিয়ে যান গণভবনে।

দুপুর ২টা ৪০ মিনিটে তারা গণভবনে প্রবেশ করেন। কিছুক্ষণ সবার একসঙ্গে আলোচনা হয়। কিছুক্ষণ পরে ডেকে নেওয়া হয় বিসিবি সভাপতিকে। পরে তামিম ও তার স্ত্রীর সঙ্গে আলাদা করে ২ ঘন্টার বেশি সময় কথা বলেন প্রধানমন্ত্রী। তামিম যখন কথাগুলি বলছিলেন, তখন সেখানে জড়ো হওয়া সমর্থেকরা স্লোগান দিচ্ছিলেন তার নামে।

এরপর সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে বিসিবি সভাপতি বলেন, তার বিশ্বাস ছিল আলোচনায় বসলেই সব সমাধান হয়ে যাবে।

"আমার একটা ধারণা হয়েছিল ওর সংবাদ সম্মেলনটা দেখে... কারণ আমি ওদের এত কাছের যে... ও হয়তো ইমোশনাল একটা সিদ্ধান্ত নিয়েছে। আমার একটা বিশ্বাস ছিল যে, ওর সঙ্গে একবার সামনাসামনি যদি বসতে পারি, তাহলে হয়তো এটার একটা সমাধান পাব।"

## বাংলাদেশের বিষয়ে 'নির্লজ্জ মার্কিন

করে ঘটনার বিবরণ দিয়ে নিরাপত্তার শঙ্কার কথা জানান।

পরদিন ১৫ ডিসেম্বর ওয়াশিংটনে বাংলাদেশ রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরানকে তলব করে যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট। জানানো হয় ঢাকায় পিটার হাসের নিরাপত্তা উদ্বেগের কথা।

এ নিয়ে বাংলাদেশে নানামুখী প্রতিক্রিয়ার মধ্যে ঢাকার রুশ দূতাবাস এক বিবৃতিতে বলে, "রাশিয়া অন্য কোনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করার নীতিতে প্রতিশ্রুতিবদ্ধ। বাংলাদেশের মত যে দেশগুলো বিদেশি শক্তির নেতৃত্ব অনুসরণ না করে জাতীয় স্বার্থ বিবেচনায় বৈদেশিক ও অভ্যন্তরীণ নীতি গ্রহণ করে, সে দেশগুলোর প্রতি রাশিয়া পুরোপুরি সমর্থন জানায়।"

রুশ দূতাবাসের ওই বিবৃতি প্রকাশের পরদিন পাল্টা অবস্থান প্রকাশ করে ঢাকার যুক্তরাষ্ট্র দূতাবাস। এক টুইটে দূতাবাস ইউক্রেইনে রুশ আক্রমণের প্রসঙ্গ টেনে আনে। রাশিয়ার ওই বিবৃতি নিয়ে দ্য ডেইলি স্টার-এ প্রকাশিত এক প্রতিবেদন শেয়ার করে যুক্তরাষ্ট্র দূতাবাসের টুইট বার্তায় লেখা হয়, "ইউক্রেইনের ক্ষেত্রে কি এই নীতি মানা হয়েছে?"

রাশিয়ার এবারের বিবৃতিটি এমন এক সময়ে এল যখন নির্বাচনের পরিবেশ ও পর্যবেক্ষক পাঠানোর সম্ভাব্যতা যাচাইয়ে ঢাকায় আসতে যাচ্ছে ইউরোপীয় ইউনিয়নের ইলেকশন এক্সপ্লোরেটরি মিশন বা অনুসন্ধানী অগ্রগামী দল। শনিবার শুরু হচ্ছে এই সফর।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com



# দেশী মাছে নেই আগের সেই চিরচেনা প্রকৃত স্বাদ বিলুপ্তির পথে মুক্ত জলাশয়ের দেশী মাছ

**বাদশা ফরহাদ,কালীগঞ্জ :** মাছে ভাতে বাঙালী। খাদ্যভাস্যের তালিকায় মাছ একটি নিত্য খাবার যা আমিশের চাহিদা পূরনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। সাম্প্রতি মৎস্য উৎপাদনে দ্বিতীয় বৃহত্তম স্থান দখল করলেও বর্তমানে মাছে আগের দিনের সেই স্বাদ আর নেই। চাষের মাছ গুলোতে ফিড খাওয়ানো প্রভাবে থাকছে প্রকৃত স্বাদ ও গন্ধ। মাছের জীবন চক্রের শুরু থেকে চলছে কৃত্তিম খাবার ভাসমান ডুবে লেয়ার গ্রোয়ারের পাল্লাপাল্লি । কথায় আছে মাছের পোনা, দেশের সোনা। আর দেশি মাছ পুষ্টির আঁধার। দেশি এ মাছগুলোতে আছে প্রচুর পরিমাণে ক্যালসিয়াম, ফসফরাস, লৌহ ও আয়োডিনের মতো খনিজ উপাদান এবং ভিটামিন। তাছাড়া দেশি মাছের আছে অন্ধত্ব, রক্তশূন্যতা, গলগন্ড প্রতিরোধ ক্ষমতা। বিশেষ করে গর্ভবতী মা ও শিশুদের ছোট ছোট মাছ খাওয়া ভীষণ প্রয়োজন। দেশি মাছের এসব পুষ্টিগুণ আমিষের নিরাপত্তা গড়ে তুলতে মানব শরীরে অপরিহার্য।

নদি-নালা, খাল, বিল, হাওড়-বাওড় শুকিয়ে মুক্ত জলাশয়ের মাছ বিলুপ্ত হতে চলেছে এবং ফসলী জমিতে অতি মাত্রায় রাসায়নিক সার ও কীটনাশকের প্রয়োগের কারনে মাছের জীবনচক্র আজ বিপদগ্রস্থ। কৃত্রিম উপায়ে ঘের-পুকুরে মাছের চাষ বৃদ্ধি পেলেও প্রকৃত স্বাদ বিনষ্ট হচ্ছে প্রতিনিয়ত। গ্রাম-গঞ্জের খালে বিলে কিছু দেশী মাছ মিললেও চাহিদার তুলনায় অপ্রতুল্য।

সরোজমিনে ঝিনাইদহের কালীগঞ্জে মাছ বাজারে গিয়ে দেখা মেলে বিভিন্ন প্রজাতির চাষের মাছ তৎমধ্যে উল্লেখযোগ্য বিদেশী রুই, কাতলা, চিতল, কৈ, তেলাপিয়া, পাঙ্গাস এবং কার্প প্রজাতির মাছের যোগানই বেশী। দেশী মাছ খোঁজ করলে দেখা যায় ২/৪ জন মৎস্যজীবি অল্পসংখ্যক মাছ ডালিতে নিয়ে বসে আছে। যে দাম হাকিয়েছেন তা নিম্নবৃত্ত ও মধ্যবিত্ত মানুষের ক্রয়



ক্ষমতার বাইরে। বিক্রেতার দাবি এসকল ছোট মাছ এখন পাওয়াই যায় না। সারাদিন মাছ শিকার করে সংসার চালানো কষ্ট সাধ্য ব্যাপার। মাছ বিক্রেতা তৈলকূপী গ্রামের আব্দুল কুদ্দুস বলেন, বাজারে দেশী মাছের চাহিদা থাকলেও এই ধরনের ঝিয়া, পুটি, ট্যাংরা, খলিষা, শিং, রইনা, কাকীলা, বাইম, পাকাল, গচি, গরগতে, চিংড়ী, চ্যাং, দেশী মাগুর, পাবদাসহ এ জাতিয় সাদা পানির মাছের দেখা মেলাই ভার।

বাজার করতে আসা মাছের ক্রেতা নাজিম হোসেন বলেন, চাষের মাছে বাজার দখল করলেও ভোক্তাগন বাজার করতে এসে আগে খোঁজ করেন ছোট জাতের দেশী মাছ। কেননা চাষের দেশী-বিদেশী মাছগুলোতে থাকেনা মাছের প্রকৃত স্বাদ ও গন্ধ। মৎস চাষি পরিতোষ মালো জানান, চাষের মাছের ফলন বেশী হলেও ব্যবসা সফল হতে পারছে না সাধারন মৎস্য চাষীরা। স্থানীয় বাজারে মৎস্য ব্যাপারীদের কাছে পাইকাড়ি মূল্যে অল্প টাকায় বিক্রয় করতে হচ্ছে এসব মাছ। অপরদিকে দ্রব্যমূল্য বৃদ্ধির পাশাপাশি বৃদ্ধি পেয়েছে মাছের খাদ্যের দাম। উৎপাদন খরচের সাথে চাষের মাছের বাজার মূল্য অসাজম্য হওয়ায় সঠিক মুনাফা থেকে বঞ্চিত হচ্ছে মৎস্য চাষিরা।

সর্বোপরি বলা যেতে পারে দেশি মাছের উৎপাদন বাড়াতে হলে আগে আমাদের ভাবতে হবে প্রাকৃতিক জলাশয়, মাছ সংরক্ষণ এবং মৎস্য পরিবেশবান্ধব নীতি ও অবকাঠামো সম্পর্কে। কারণ বাংলাদেশে অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মোট ২৬০ প্রজাতির মিঠাপানির মধ্যে ১২টি চরম বিপন্ন এবং ১৪টি সংকটাপন্ন। যদিও আমাদের আছে চিংড়িসহ ২৯৬টি মিঠাপানির মাছ এবং ৫১১টি সামুদ্রিক মাছ। এসব বিষয় বিশ্লেষণ করলে মাছের যে প্রাকৃতিক জলাশয়, মুক্ত জলাশয় রয়েছে তা আমাদের অযাচিত ও অনৈতিক ব্যবহারের কারণে মাছের স্বাভাবিক প্রজনন ও বংশবিস্তারকে হুমকির সম্মুখীন করেছে। মাছের জাটকা সংরক্ষণে সরকার, বেসরকারি প্রতিষ্ঠান এবং মৎস্য অধিদপ্তর বেশ প্রচার প্রচারণা করছে কিন্তু সে বিষয়টি এখনও সাড়া জাগানো সামাজিক আন্দোলনে পরিণত করা সম্ভব হয়নি। দেশিয় মাছ অবশ্যই সংরক্ষণ মুক্ত জলাশয়ে তা অবাধে বিচরণ করার ব্যবস্থা করতে হবে। দেশি মাছ সংরক্ষণ ও চাষের মাধ্যমে দেশের আর্থসামাজিক অবস্থান ও আমিশের ঘাটতি পুরন করা সম্ভব। সেজন্য প্রয়োজন মৎস্যবান্ধব পরিবেশনীতি ও অবকাঠামোর সফল বাস্তবায়ন।

এ ব্যপারে মৎস্য কর্মকর্তাদের বক্তব্য, দেশি মাছগুলোকে বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষের আওতায় আনতে হবে। বদ্ধ জলাশয়ে দেশি প্রজাতির মাছ যাতে বেশি পাওয়া যায় সেজন্য বেশ কিছু কৌশল অবলম্বন আমরা করতে পারি। সেগুলো হলো ধান ক্ষেতে ছোট প্রজাতির মাছ চাষের ব্যবস্থা করা এবং এ ধরনের মাছ সারা বছর পাওয়ার জন্য ধানক্ষেতে মিনি পুকুর তৈরি, মাছের প্রজনন মৌসুমে মাছ না ধরা, ফাঁস জাল ব্যবহার না করা, রাক্ষুসে মাছ কমানোর জন্য বিষ প্রয়োগ না করা, রুই জাতীয় মাছের সাথে ছোট প্রজাতির মাছের মিশ্র চাষ, জলাশয় এবং পুকুরে দেশি মাছের চাষাবাদের জন্য সামাজিক আন্দোলন গড়ে তোলা।

যদিও বর্তমানে মাছের স্বাভাবিক প্রজনন ক্ষেত্র, চলাচল অনেকখানি হুমকির মুখে। আমরা না জেনে, না বুঝে জাটকা নিধন করি। তাছাড়া জমিতে অতি মাত্রায় বালাইনাশক প্রয়োগ, অপরিকল্পিত বাঁধ দেয়া, পোনা ও ডিমওয়ালা মাছ নিধন এবং মাছের প্রজনন মৌসুমে মাছ ধরা থেকে বিরত না থাকার কারণে এখন আর পরিচিত অনেক দেশি মাছের সন্ধান মেলে না। কিন্তু এ বিষয়গুলো যদি আমরা সবাই জানি এবং সচেতন হই তাহলে আমরা কিন্তু সারাবছর দেশি মাছের স্বাদ ও পুষ্টি পেতাম।



# গাংনীতে গাঁজাসহ মাদক কারবারী আটক

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে মাদকবিরোধী অভিযান চালিয়ে গাঁজাসহ জাহিদ হোসেন নামের মাদক কারবারীকে আটক করেছে জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল। বৃহস্পতিবার বিকালের দিকে মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রাম থেকে জাহিদকে আটক করা হয়। জাহিদ বেতবাড়িয়া গ্রামের বদিউজ্জামানের ছেলে। জানা গেছে গোপন সূত্রের খবর পেয়ে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাশেমের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি দল বেতবাড়িয়া গ্রামের জাহিদের বাড়িতে অভিযান চালান। এ সময় জাহিদ পালানোর চেষ্টা করলে তাকে আটক করে তার নিকট থেকে ৫৫ পুরিয়া গাঁজ উদ্ধার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ সনের ৩৬(১) সারণীর ১৯ (ক) ধারায় গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

# প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ০৫ জুলাই ঢাকা থেকে প্রকাশিত জাতীয় দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকাসহ কয়েকটি পত্রিকায় 'অনিয়মের শেষ নেই স্বাস্থ্য কমপ্লেক্সে' শিরোনামে যে সংবাদটি প্রকাশিত হয়েছে তা আমার দৃষ্টিগোচর হয়েছে। সংবাদের উল্লেখ করা হয়েছে ওই হাসপাতালে রোগীর চেয়ে দালালের কদর বেশি, স্বাস্থ্যসেবা ভেঙ্গে পড়ায় চরম দুর্ভোগে আছে রোগী ও তার স্বজনরা। প্রকৃতপক্ষে হাসপাতালে দালালের কোন দৌরাত্ব নেই। নিয়ম অনুযায়ী স্বাস্থ্যসেবা দেওয়া হচ্ছে। এমনকি অউপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে আমি ডা: রাশেদ আল মামুন যোগদানের পর থেকে হাসপাতালের সেবার মান বেড়েছে। যার ফলে হাসপাতালটি ২ বার দেশসেরা পুরস্কার পেয়েছে। করোনাকালীন সময়ে জীবনের ঝুঁকি নিয়ে হাসপাতাল থেকে সেবা দেওয়া হয়েছে। এই হাসপাতালটিতে নিয়মিত সিজারিয়ান অপারেশনসহ অন্যান্য অপারেশন করা হচ্ছে। একটি কুচক্রী মহল হাসপাতালের মান ক্ষুন্ন করার জন্য সাংবাদিকদের মিথ্যা তথ্য পরিবেশন করেছেন। এই কুচক্রী মহলের মধ্যে হাসপাতালের একজন দুর্নিতীবাজ চিকিৎসকও জড়িত। তিনি অসৎ উদ্দেশ্যে হাসিল করতে না পেরে সাংবাদিকদের কাছে মিথ্যা তথ্য পরিবেশন করেছে। আমি উক্ত মিথ্যা, ভিত্তিহীণ, উদ্দেশ্যেপ্রণোদিত সংবাদের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

ডা: রাশেদ আল মামুন
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।



# ৬ মাসে আমাজন বন উজাড় কমেছে প্রায় ৩৪ শতাংশ

*আন্তর্জাতিক ডেস্ক :* ব্রাজিলের আমাজন বন উজাড় গত বছরের প্রথম ছয় মাসের তুলনায় চলতি বছর ৩৩ দশমিক ৬ শতাংশ কমেছে বলে জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট লুইজ ইনাসিও লুলা দা সিলভা। গতকাল শুক্রবার ব্রিটিশ সংবাদ মাধ্যম বিবিসির প্রকাশিত এক প্রতিবেদন থেকে এই তথ্য জানা যায়। এতে বলা হয়, ব্রাজিল সরকার জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত ছয় মাসের এক প্রতিবেদন প্রকাশ করে। এতে দেখা যায়, চলতি বছর রেইনফরেস্ট কমেছে প্রায় দু'হাজার ৬৪৯ বর্গ কিলোমিটার। এতে বলা হয়, গত বছরের প্রেসিডেন্ট বলসোনারোর অধীনে একই সময় জানুয়ারি থেকে জুন ছয় মাসে আমাজন বন কমেছিল প্রায় তিন হাজার ৯৮৮ বর্গ কিলোমিটার। যা বর্তমান সরকারর চেয়ে ৩৩ দশমিক ৬ শতাংশ বেশি। এছাড়াও ২০৩০ সালের মধ্যে বন উজাড় বা বন ছাড়পত্র শেষ করার প্রতিশ্রুতি দিয়েছেন প্রেসিডেন্ট লুলা। কিন্তু এটা তার জন্য বড় ধরনের এক চ্যালেঞ্জ বলে মনে করা হচ্ছে। ব্রাজিলের অধিকারে রেইনফরেস্টের যে এলাকাটি রয়েছে, তা এখনও নিউইয়র্ক সিটির আয়তনের তিনগুণ বেশি। যদিও এর আগে বিগত কয়েক বছরে বন উজাড়ের মাত্রা উদ্বেগজনকভাবে বৃদ্ধি পেয়েছে। তারপরও প্রেসিডেন্ট নিজের প্রতিশ্রুতি নিয়ে আশাবাদী এবং সে হিসেবে কাজ

# ফিলিস্তিনি শহরে ইসরায়েলি অভিযানের নিন্দায় জাতিসংঘ

**আন্তর্জাতিক ডেস্ক :** অধিকৃত পশ্চিম তীরের জেনিনে ইসরায়েলি সহিংসতা এবং তাদের অতিরিক্ত শক্তি প্রয়োগের তীব্র নিন্দা জানিয়েছে জাতিসংঘ। সংস্থাটির মহাসচিব অ্যান্তনিও গুতেরেস বলেছেন, এই অভিযান জেনিনের বেসামরিক নাগরিকদের জীবনে ব্যাপক প্রভাব ফেলেছে। নিউ ইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে গত বৃহস্পতিবার গুতেরেস বলেন, 'একটি জনাকীর্ণ শরণার্থী শিবিরে ইসরায়েল বিমান হামলার পাশাপাশি স্থল অভিযান চালিয়েছে। এটা পশ্চিম তীরে বহু বছরের মধ্যে সবচেয়ে ভয়াবহ সহিংসতা। এতে শতাধিক মানুষ বেশি আহত হয়েছে। হাজার হাজার মানুষ অঞ্চল ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হয়েছে। এ ছাড়া এই অভিযান বেসামরিক নাগরিকদের ওপর উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে। তিনি বলেন, 'আমি সন্ত্রাসী কর্মকাণ্ডসহ বেসামরিক নাগরিকদের বিরুদ্ধে সহিংসতার তীব্র নিন্দা জানাই। ইসরায়েলকে আন্তর্জাতিক আইন মেনে চলার তাগিদ দিয়ে গুতেরেস বলেন, 'বিমান হামলার ব্যবহার আইন প্রয়োগকারী সংস্থার অভিযান পরিচালনার সঙ্গে অসঙ্গতিপূর্ণ।

# ইসরায়েল কি জেনিনে লক্ষ্য অর্জন করতে পেরেছে?

**আন্তর্জাতিক ডেস্ক :** অধিকৃত পশ্চিম তীরের উত্তরাঞ্চলে জেনিন শরণার্থী শিবিরে দুদিন ধরে ইসরায়েল তার সামরিক শক্তিমত্তার জানান দেয়। ২০০২ সালে পশ্চিম তীরে ব্যাপক মাত্রার যে ইসরায়েলি দখলদারী অভিযান পরিচালিত হয়েছিল, সাম্প্রতিক দৃশ্যপট সেই ঘটনাগুলোকেই মনে করিয়ে দেয়। দৃশ্যগুলো ছিল একই রকম-ইসরায়েলি যুদ্ধাস্ত্রের আঘাতে ধ্বংস হয়ে যাওয়া দালানকোঠা থেকে বের হচ্ছে ধোঁয়া, যুবকরা টায়ারে আগুন ধরিয়ে বাতাসে ছড়িয়ে দিচ্ছে বিষাক্ত ধোঁয়া, মাথার ওপর দিয়ে শব্দ করে উড়ে যাচ্ছে ড্রোন, বাজছে অ্যাম্বুলেন্সের সাইরেন, ফিলিস্তিনিদের হাসপাতালে নিয়ে যেতে দিচ্ছে না ইসরায়েলি সৈন্যরা। জেনিনে স্থল ও আকাশ পথে কয়েকশত সৈন্যের এই আক্রমণে চার শিশুসহ মারা যায় ১২ ফিলিস্তিনি। আধা বর্গ কিলোমিটার এলাকায় ছড়িয়ে থাকা এই শরণার্থী শিবিরে মানবেতর জীবনযাপনকারী ২৩ হাজার ৬০০ মানুষের বসতঘরগুলোতে বুলডোজার নিয়ে চালানো হয় তাণ্ডব। তারপরও প্রশ্ন থেকে যায় ইসরায়েল কি এই আক্রমণের মাধ্যমে তার সামরিক লক্ষ্য অর্জন করতে পেরেছে? ফিলিস্তিনের সবচেয়ে পুরোনো জেনিন শরণার্থী শিবিরকে 'সন্ত্রাসের কেন্দ্রস্থল' হিসেবে বর্ণনা করা সৈন্যরা বলে গেছে যে, তারা আবারও আসবে। তবে, ফিলিস্তিনিদের কাছে জেনিন প্রতিরোধের প্রতীক হয়ে ওঠেছে।



# জাপান থেকে খাদ্যপণ্য আমদানিতে চীনের নিষেধাজ্ঞা

**আন্তর্জাতিক ডেস্ক :** পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রে ব্যবহার করা পরিত্যক্ত পানি মহাসাগরে ফেলে দেওয়ার বিষয়ে জাপানের পরিকল্পনাকে সামনে রেখে তেজস্ক্রিয়তার শঙ্কায় দেশটি থেকে খাদ্যপণ্য আমদানিতে নিষেধাজ্ঞা দিতে যাচ্ছে চীনের কাস্টমস কর্তৃপক্ষ। জাপানের ফুকুশিমা পারমাণবিক চুল্লিটি থেকে এক যুগেরও বেশি সময় ধরে নিঃসরিত জমা রাখা পানি সাগরে ফেলে দেওয়ার যে পরিকল্পনা নেওয়া হয়েছে সে সম্পর্কে আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থা (আইএইএ) বলেছে দেশটি বৈশ্বিক মানদণ্ড বজায় রেখেই এ কাজ করছে। খবর এএফপির। চলতি গ্রীষ্মকালে এই পরিত্যক্ত পানি ছেড়ে দেওয়ার চিন্তাভাবনা করছে জাপান। আর এই কর্মকাণ্ডের বিরোধীতা করছে প্রতিবেশী দেশগুলো। বেইজিং বেশ জোড়ালোভাবে এই পরিকল্পনার বিরোধীতা করছে। এ ছাড়া ফুকুশিমার মৎস্যজীবীরাও এই বিষয়ে উদ্বেগ প্রকাশ করে বলেছে যে, এতে তাদের ধরা মাছ ক্রেতারা নাও কিনতে পারে।

# পাকিস্তানে ভারি বৃষ্টিপাতে ৫০ জনের প্রাণহানি

*আন্তর্জাতিক ডেস্ক :* ভারি বৃষ্টিপাতের কারণে পাকিস্তানে দেখা দিয়েছে মৌসুমি বন্যা ও ভূমিধস। এতে আট শিশুসহ অন্তত ৫০ জনের মৃত্যুর তথ্য জানিয়েছে দেশটির দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ। এসব ঘটনায় আহত হয়েছেন আরও ৮৭ জন। গতকাল শুক্রবার পাকিস্তান জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা দপ্তরের এক কর্মকর্তা সংবাদ সংস্থা এএফপিকে জানান, গত ২৫ জুন বর্ষা শুরু হওয়ার পর থেকে পাকিস্তানজুড়ে ভারি বৃষ্টিপাতে ৫০ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। দক্ষিণ এশিয়ায় সাধারণত বছরের জুন থেকে সেপ্টেম্বরের মধ্যে সর্বোচ্চ বৃষ্টিপাতের ঘটনা ঘটে। এ সময় বার্ষিক বৃষ্টিপাতের প্রায় ৭০ থেকে ৮০ ভাগ হয়ে থাকে। প্রায় ২০০ কোটি মানুষের এই অঞ্চলের জীবিকার প্রধান মাধ্যম কৃষির জন্য তা উপকারী হলেও একই সঙ্গে বন্যা ও ভূমিধসের মতো ঘটনাও ঘটে। গত বৃহস্পতিবার পাঞ্জাবের কিছু অংশে বৃষ্টি অব্যাহত রয়েছে। পাকিস্তানের পূর্বাঞ্চলীয় এই প্রদেশে গত দুই দিনে ২৭ জনের



মৃত্যুর খবর পাওয়া গেছে। অন্যদিকে লাহোরে গত দুই দিনে ভারি বর্ষণের জেরে ১২ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। প্রাদেশিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের (পিডিএমএ) তথ্য অনুযায়ী, গুজরানওয়ালায় ছয়জন প্রাণ হারিয়েছেন। চাকওয়াল এবং শেখুপুরায় তিনজন করে এবং ঝাংয়ে একজন ও ফয়সালাবাদে একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। পাকিস্তান সরকারের দেওয়া তথ্যমতে, বেশিরভাগ মৃত্যু হয়েছে বিদ্যুতায়িত ও বাড়ির ছাঁদ ধসের কারণে; মুষলধারে বৃষ্টির কারণে অনেক প্রদেশে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। বিভিন্ন জেলায় গাছ উপড়ে পড়েছে ও ভূমিধস হয়েছে। পাঞ্জাব, খাইবার পাখতুনখোয়া, দক্ষিণ-পশ্চিম বেলুচিস্তান প্রদেশ, গিলগিট-বালতিস্তান এবং পাকিস্তান-শাসিত কাশ্মিরের কিছু অংশে আগামী ২৪ ঘণ্টায় আরও বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে দেশটির আবহাওয়া বিভাগ। জলবায়ু সংকটে সাম্প্রতিক বছরগুলোতে প্রকৃতির ভয়াবহ রূপ দেখছে বিশ্ব।

# মেটার থ্রেডসকে মামলার হুমকি দিয়েছে টুইটার

**আন্তর্জাতিক ডেস্ক :** টুইটারের নতুন প্রতিদ্বন্দ্বী মেটার থ্রেডস অ্যাপ লঞ্চের পর মেটাকে মামলার হুমকি দিয়েছে টুইটার। তাদের অভিযোগ মেটার নতুন অ্যাপ থ্রেডস অনেকটাই টুইটারের কপি। বোঝা যাচ্ছে অ্যাপটিকে বেশ প্রতিযোগিতামূলক হিসেবে দেখছে টুইটার। সিএনএন জানিয়েছে, গত বুধবার টুইটার প্রধান ইলন মাস্কের একজন আইনজীবী অ্যালেক্স স্পিরো মেটা সিইও মার্ক জুকারবার্গকে একটি চিঠি পাঠিয়েছেন যাতে প্রাক্তন টুইটার কর্মচারীদের মেটায় নিয়োগ প্রদানের মাধ্যমে বাণিজ্যের গোপন তথ্য চুরির জন্য মেটাকে অভিযুক্ত করা হয়। এই চিঠিতে অভিযোগ করা হয় মেটা টুইটারের বাণিজ্য গোপনীয়তা এবং অন্যান্য বুদ্ধিবৃত্তিক সম্পত্তির পদ্ধতিগত, ইচ্ছাকৃত এবং বেআইনি অপপ্রয়োগে জড়িত। চিঠির প্রতিবেদনের প্রতিক্রিয়ায় ইলন মাস্ক টুইট করে জানান, প্রতিযোগিতা ভাল, প্রতারণা নয়।

## বিনোদন

# বিয়ের পর অভিনয় বাদ দিবেন পূজা চেরী

**বিনোদন ডেস্ক :** বিয়ের পর আর ক্যামেরার সামনে দাঁড়াবেন পূজা চেরী। সম্প্রতি একটি স্যাটেলাইট টেলিভিশনের সাক্ষাৎকারে এমনটাই জানালেন এই টিনেজ নায়িকা। ওই সাক্ষাৎকারে প্রেমের গুঞ্জন, বিয়ে ও অভিনয় ক্যারিয়ার নিয়ে নানা কথা বলেন এই চিত্রনায়িকা। পূজা বলেন, 'প্রেমের গুঞ্জনের কথা বললে তো কাজ না করে বাসায় বসে থালাবাসন মাজা উচিত। কিন্তু কাজ তো করতে হবে। আমি তো সবার সঙ্গে কাজ করেছি। কলকাতার আদ্রিতের সঙ্গে যেমন কাজ করেছি, তেমনি দেশের শাকিব খান, সিয়াম, রোশানের সঙ্গেও কাজ করেছি। আর এখন আদর আজাদের সঙ্গেও কাজ করছি। পূজা এখন পর্যন্ত যে নায়দের সঙ্গে জুটি বেঁধেছেন তাদের প্রায় সবাইকে নিয়ে প্রেমের গুঞ্জন উঠেছে। তবে তার প্রেমের গুঞ্জন সবচেয়ে বেশি গুঞ্জন ছিল শাকিব খানকে নিয়ে। এ প্রসঙ্গে বলেন, 'যখনই যার সঙ্গে কাজ করেছি, সবার সঙ্গে প্রেমের গুঞ্জন হয়েছে। আর সবার সঙ্গেই যদি প্রেমের গুঞ্জন হয়, তাহলে তো ভালো। তার মানে আমরা পর্দায় ভালো কাজ করছি।' বিয়ের প্রসঙ্গে পূজা চেরী বলেন, 'আমি সব সময় বলি, এখনো বলছি, আমি মিডিয়ার কোনো মানুষকে বিয়ে করব না।

# পশ্চিমবঙ্গের ২৮ হলে মিথিলার সিনেমা

**বিনোদন ডেস্ক :** কলকাতার বড় পর্দায় অভিষিক্ত হচ্ছেন রাফিয়াত রশিদ মিথিলা। শুক্রবার পশ্চিমবঙ্গের ২৮টি প্রেক্ষাগৃহে মুক্তি পায় তার অভিনীত 'মায়া'। ২০২১ সালের জুন মাসে কলকাতার সিনেমায় নাম লেখান মিথিলা। রাজর্ষী দের নির্মাণে ছবিটির নাম 'মায়া'। উইলিয়াম শেকসপিয়ারের বিখ্যাত নাটক 'ম্যাকবেথ'র ছায়ায় নির্মিত হয়েছে এটি। যেখানে নাম ভূমিকায় আছেন মিথিলা। 'মায়া' দিয়ে টালিগঞ্জে হাঁটা শুরু করেন মিথিলা। এরপর এক এক করে তার ঝুলিতে বেশ কিছু কাজ চলে আসে। ওয়েব সিরিজ 'মন্টু পাইলট ২'-তে অভিনয় করেছেন, সেটি মুক্তিও পেয়েছে। আবার 'আয় খুকু আয়' দিয়ে কলকাতার সিনে পর্দায় হাজির হয়েছেন বছরখানেক আগেই। তবে সেটি ছিল অতিথি চরিত্রে। এবার মুখ্য চরিত্র দিয়ে কলকাতায় অভিষিক্ত হচ্ছেন মিথিলা। বললেন, আমি বলব যে 'ম্যাকবেথ'র অনুপ্রেরণায় একটি গল্প এটি। এতে আমি মায়া চরিত্রে অভিনয় করেছি। মায়া হলো লেডি ম্যাকবেথের দ্বিতীয় সত্তা। তবে এটা নেতিবাচক নাকি ইতিবাচক চরিত্র, সেটা বলতে চাই না; দর্শক ছবি দেখলেই বুঝতে পারবে। এতে মিথিলা ছাড়াও আছেন গৌরব চক্রবর্তী, কমলেশ্বর মুখার্জি, রাহুল ব্যানার্জি, তনুশ্রী চক্রবর্তী, সুদীপ্তা চক্রবর্তী, কনীনিকা ব্যানার্জি, রিচা শর্মা, দেবলীনা কুমার, রাতশ্রী দত্তসহ আরো অনেকে। টলিউডে মিথিলার হাতে আরো কয়েকটি সিনেমা রয়েছে। এর মধ্যে রয়েছে অর্ণব মিদ্যার পরিচালনায় 'মেঘলা', অরুণাভ খাসনবিশের অ্যান্থলজি ফিল্ম 'নীতিশাস্ত্র'। অনির্বাণ চক্রবর্তীর নির্মাণে কাজ করছেন 'ও অভাগী' নামের একটি ছবিতে।









# বক্স অফিসে কে এগিয়ে?

*বিনোদন ডেস্ক :* এমন ঘটনা প্রকাশ্যে প্রথমই বলা চলে। ঈদের সিনেমার হাইপ প্রতিযোগিতায় গত বৃহস্পতিবার দুপুরে, হুট করেই 'সুড়ঙ্গ' সিনেমার প্রযোজনা প্রতিষ্ঠান দাবি করে মুক্তির প্রথম সাত দিনে শুধুমাত্র সিনেপ্লেক্সে বিক্রি হয়েছে সিনেমাটির দুই কোটি ৫০ লাখ টাকার টিকিট। সন্ধ্যায় এলো নতুন দাবি; 'প্রিয়তমা' সিনেমার প্রযোজনা প্রতিষ্ঠান বলছে, একই সময়ে ৩১৫০ টিরও বেশি শো'তে ১০ কোটি ৩০ লাখ টাকার টিকেট বিক্রি হয়েছে। এই হিসাবে ঈদের দুই সিনেমার প্রযোজনা প্রতিষ্ঠানের দাবি করা প্রকাশিত তথ্যে বলাই যায়, মুক্তির প্রথম সাত দিনে টিকিট বিক্রিতে শাকিবের চেয়ে ৭ কোটি ৮০ লাখ টাকা পিছিয়ে নিশো। তবে এখানে 'সুড়ঙ্গ' সিনেমার বাকী হলের তথ্য প্রকাশ্যে নিয়ে এলে এই হিসাব কিছুটা কমবে। যদিও এনটিভি অনলাইন প্রযোজনা প্রতিষ্ঠান ভার্সেটাইল মিডিয়া এবং আলফা আই ও চরকির টিকিট বিক্রির এসব দাবির সততা নিশ্চিত হতে পারেনি। 'প্রিয়তমা'য় জুটিবেঁধে অভিনয় করেছেন শাকিব খান ও কলকাতার ইধিকা পাল। দেশে ঈদের দিন (২৯ জুন) সিনেমাটি ১০৫টি হলে মুক্তি পায়। দ্বিতীয় সপ্তাহে তা বেড়ে ১০৮টি হয়েছে। ফলে এই সপ্তাহে দেশ-বিদেশ মিলিয়ে মোট দেড়শ' প্রেক্ষাগৃহে চলবে সিনেমাটি। অন্যদিকে, 'সুড়ঙ্গ' সিনেমাটি চলছে স্টার সিনেপ্লেক্সের ৭টি শাখাসহ দেশের ২৭টি সিনেমা হলে। রায়হান রাফি পরিচালিত সিনেমাটির মাধ্যমে আফরান নিশোর চলচ্চিত্রে অভিষেক হয়েছে। এতে তাঁর বিপরীতে রয়েছেন তমা মির্জা।



# ঢাকা মাতল অনুপম রায়

**বিনোদন ডেস্ক :** উপস্থাপক যখন মাইক্রোফোনে ঘোষণা করছিলেন, 'এখন মঞ্চে আসবেন অনুপম রায়' আর তক্ষুনি পুরো হলরুমে যেন উচ্ছ্বাস ও উল্লাসের কল্লোল বয়ে গেল। অনুপম মঞ্চে এসেই গাইতে শুরু করলেন, 'আমি আমি জানি জানি, চোরাবালি কতখানি...' তখন অনুপমের কণ্ঠের সঙ্গে হাজার কণ্ঠ মিলিত হয়ে এক অদ্ভুত আনন্দময় সুর তৈরি করছিল। থামলেন অনুপম। এরপরে মঞ্চের একেবারে সামনে এগিয়ে এলেন। হলরুমে তখন বর্ণিল আলোকচ্ছটা এক মোহগ্রস্ত পরিবেশ তৈরি করেছে। অনুপম বললেন, 'আজ থেকে ১৩ বছর আগে এখানে এসে আমি বলেছিলাম, বাড়িয়ে দাও তোমার হাত, তখন আমি মাত্র শুরু করেছি গান। তোমরা হাত বাড়িয়ে দিয়েছিলে বলেই আজ আমি এই ১৩ বছর পর তোমাদের সামনে গাইতে পারছি। অনুপম গাইতে শুরু করলেন, 'বাড়িয়ে তোমার হাত, আমি তোমার আঙুল ধরতে চাই...' অনুপমের সুরের সঙ্গে মিলিত হয়ে যাচ্ছিল হাজারো কণ্ঠ...। এই গানের সঙ্গে হাজারো কণ্ঠ থামল। অনুপম এবার বললেন, 'আমার ভাগ্য যে আমি মাত্র তিনমাস আগেই বাংলাদেশে এসেছিলাম।

# খোলামেলা ছবি প্রকাশ করে ফের আলোচনায় ফারিয়া

**বিনোদন ডেস্ক :** দেশীয় শোবিজ অঙ্গনের যেকজন অভিনেত্রী আকর্ষণীয় ছবি প্রকাশ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে সরব থাকেন তাদের মধ্যে নুসরাত ফারিয়া অন্যতম। নজরকাড়া ছবি প্রকাশ করে তিনি যেমন প্রশংসা কুড়াচ্ছেন তেমনি মাঝে মধ্যে আকর্ষণীয় ও খোলামেলা ছবি প্রকাশ করে সমালোচনারও মুখে পড়েছেন। গতকাল শুক্রবার দেড়টার দিকে দুটি ছবি তার ফেসবুকে প্রকাশ করেছেন। ছবি দুটি প্রকাশ করে ইংরেজিতে একটি ক্যাপশন লিখেছেন। ক্যাপশনের ভাবার্থ হচ্ছে, 'প্রচণ্ড গরমের সমস্যা, তবে আমি গ্রীষ্মকালকে বোঝাতে চাইছি'। নুসরাত ফারিয়া এ ছবিটি প্রকাশের সঙ্গে সঙ্গে তার ফলোয়ার ও ভক্তরা রীতিমতো লুফে নেন। তারা মন্তব্য করতে যেন ঝাঁপিয়ে পড়েন। তবে ইতিবাচক মন্তব্যের চেয়ে নেতিবাচক মন্তব্য বেশি করছেন সবাই।

# বিয়ে করলেন 'ব্যাচেলর পয়েন্ট'খ্যাত অভিনেত্রী

**বিনোদন ডেস্ক :** বিয়ে করলেন 'ব্যাচেলর পয়েন্ট'খ্যাত অভিনেত্রী ফারিয়া শাহরিন। গতকাল শুক্রবার ফেসবুকে নিজের একটি ছবি দিয়ে এ তথ্য জানিয়েছেন তিনি। তবে কবে বিয়ে করেছেন, বর কে সে বিষয়ে কিছু জানাননি এই অভিনেত্রী। ছবির ক্যাপশনে ফারিয়া শাহরিন লিখেছেন- 'আমাদের জন্য দোয়া করবেন।' চার বছর প্রেম করে ২০২১ সালের ১৯ ফেব্রুয়ারি প্রেমিক মাহফুজ রায়ানের সঙ্গে বাগদান সারেন ফারিয়া শাহরিন। রাজধানীর সোনারগাঁও হোটেলে দুই পরিবারের সদস্যদের উপস্থিতে বাগদান সম্পন্ন করেন এই অভিনেত্রী। প্রেমিকের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হলেন কিনা তা নিয়ে তৈরি হয়েছে ধোঁয়াশা। এ বিষয়ে কথা বলতে ফারিয়া শাহরিনের মুঠোফোনে যোগাযোগ করেন সংবাদমাধ্যমের এক প্রতিবেদক। কিন্তু ফোনের লাইন কেটেন দেন। তারপর তার সোশ্যাল মিডিয়ায় যোগাযোগ করা হলে সাড়া দেননি এই অভিনেত্রী। একটি সূত্র বলেন- 'যে ছেলের সঙ্গে বাগদান সেরেছিল, তার সঙ্গেই বিয়ের রেজিস্ট্রি হয়েছে। এটা কয়েক দিন আগে হয়েছে। তবে আমি বিস্তারিত কিছু জানি না।' ২০০৭ সালে 'লাক্স-চ্যানেল আই সুপারস্টার' প্রতিযোগিতায় প্রথম রানারআপ হন ফারিয়া শাহরিন। মুঠোফোন সেবাদাতা প্রতিষ্ঠান বাংলালিংকের 'কথা দিলাম' প্যাকেজের বিজ্ঞাপনচিত্রে মডেল হয়ে পরিচিতি লাভ করেন। কাজল আরেফিন অমির 'ব্যাচেলর পয়েন্ট' নাটকে অন্তরা চরিত্রে অভিনয় করে দারুণ সাড়া ফেরেন এই অভিনেত্রী।

